ইসলাম-বিলাপ

(সমাজ চিত্র)

رومی

سر من از نالهٔ من دور نیست
لیک کس را دید جان دستور نیست

"অন্তরে ভাবনা যাহা বিলাপে প্রচার।
অন্তর দেখিতে কিন্তু সাধ্য নাহি কার॥"

সমাজ সেবক

খাঁ সাহেব মৌলবী আবদুল গণি

কর্ত্তৃক রচিত।

২য় সংস্করণ

১৯২৪

মালদহ, মুল্য ।৵০ আট আনা। [illegible] গণি

ইসলাম-বিলাপ

(সমাজ চিত্র)

رومی

سر من از نالهٔ من دور نیست
لیک کس را دید جان دستور نیست

"অন্তরে ভাবনা যাহা বিলাপে প্রচার।
অন্তর দেখিতে কিন্তু সাধ্য নাহি কার॥"

সমাজ সেবক

খাঁ সাহেব মৌলবী আবদুল গণি

কর্ত্তৃক রচিত।

২য় সংস্করণ

১৯২৪

মালদহ, মুল্য ।৵০ আট আনা। [illegible] গণি

প্রকাশক—
খাঁ সাহেব মৌলবী আব্দুল গণি মোক্তার,
ইংরেজ বাজার,
মালদহ।



প্রিণ্টার্স—
ওরিয়েণ্টাল প্রিণ্টার্স এণ্ড পাব্‌লিশার্স লিমিটেড্,
২৬।৯।১এ, হারিসন রোড্, কলিকাতা।

প্রার্থনা

اي يار بيـا بخانهٔ ما * بگانه مشو يگانهٔ ما
من مطرب نغمهء خوان حالم * آهِ دلِ تـرانهٔ ما
ترسم شوی ز خواب بیدار * گر گوش کنی فسانهٔ ما

অনাদি অনন্ত খোদা তুমি দয়াময়,
তোমারি কটাক্ষে প্রভু সৃষ্টি-স্থিতি-লয়।
অসীম জগৎ মাঝে তুমি বিরাজিত,
মানব হৃদয়ে প্রভু তুমি বিকশিত।
অনিলে অনলে তুমি সদা বিরাজিত,
প্রাণীর পরাণে তুমি হও প্রকাশিত।
রবি, শশী ,তারা রাজি, গ্রহ, উপগ্রহ,
তোমারি মহিমা সবে ঘোষে অহঃরহ।
পশু পক্ষী জীব জন্তু বৃক্ষ লতা আদি,
সকলি প্রলয়-যুক্ত তুমি অন্ত আদি।
তোমার ইচ্ছায় প্রভু হয়ে প্রণোদিত,
ইসলাম-বিলাপ মম হইল রচিত।
সতত সুপথে রাখ মম মতিগতি.
তোমার সদনে প্রভু করি এ মিনতি।

আবদুল গণি

ইসলাম-বিলাপ।

(সমাজ চিত্র)

سینه خواهم پارا پارا از فراق — রুমী

تا بگـویم شرح درد اشتیـاق

"হৃদয় বিদীর্ণ হ'লে শতধা তোমার।
বুঝিতে পারিবে তুমি বিলাপ আমার।"

প্রথম সংস্করণের ভূমিকা।

মোসলেম ভ্রাতৃগণ! আমি করযোড়ে আপনাদের করকমলে এই ক্ষুদ্র পুস্তিকা খণ্ড অর্পণ করিলাম। ইহাতে মোস্লেম সমাজ চিত্রিত এবং সমাজের অতীত গৌরব, বর্ত্তমান পতন, পতনের কারণ ও উন্নতির উপায় বর্ণিত হইয়াছে। গুরুতর ব্যাধিগ্রস্থ রোগীর আরোগ্য হেতু তাহাকে যেরূপ তীব্র ঔষধ প্রদান করিতে হয়, বহুকালাবধি অধঃপতিত ও নিদ্রিত বঙ্গীয় মোস্লেম সমাজের উন্নতি কল্পে মোস্লেমগণকে তদ্রূপ তীব্র তিরস্কার প্রদান করা হইয়াছে। সামাজিক অভাব ও দুর্দ্দশার বিষয় ইসলাম ও মোস্লেমের কথোপকথন ছলে প্রকাশিত হইয়াছে। সমাজ-দুঃখে দুঃখিত হইয়া কোন কোন স্থানে যদি অপ্রিয় বা অসন্তোষজনক বাক্য প্রয়োগ করিয়া থাকি তবে

আশা করি পাঠক পাঠিকাগণ নিজ নিজ গুণের উদারতা প্রদর্শনে তাহা ক্ষমা করিবেন। কবিত্ব বা পাণ্ডিত্য ফলাইবার মানসে পুস্তকটি রচিত হয় নাই। সমাজের দুর্দ্দশা দর্শনে কেবল মনের আবেগ প্রকাশ করা হইয়াছে মাত্র। কবিতা ছলে সভা-সমিতি প্রাঙ্গনে পঠিত হইবার উদ্দেশ্যে পুস্তকটি কবিতায় রচিত হইল।

মোসলমানগণের কোনরূপ শিক্ষার বা পড়ার প্রতিই অনুরক্তি নাই, কবিতা বলিয়াও যদি কেহ পাঠ করেন এবং তদ্দারা কিঞ্চিৎ উপকার সাধিত হয় তাহা হইলে শ্রম সার্থক ও আপনাকে কৃতার্থ মনে করিব।

মালদহ
১৯০৮

আবদুল গণি, মোক্তার
মালদহ।

ইসলাম-বিলাপ

২য় সংস্করণ

—*—

ভূমিকা

গত ১৯০৮ সালে এই গ্রন্থখানি প্রথমতঃ প্রকাশিত হয় এবং প্রথমবারের ভূমিকাতেই গ্রন্থের উদ্দেশ্য বিষদরূপে বর্ণিত হইয়াছে। দেখিতে দেখিতে এই দীর্ঘকাল কাটিয়া গেল কিন্তু আমি যে তিমিরে সেই তিমিরেই থাকিয়া গেলাম। এই দীর্ঘকাল মধ্যে আরও কয়েকখানি পুস্তক প্রকাশ করিয়াছি। তন্মধ্যে আরবী ব্যাকরণ ১ম ও ২য় ভাগ, ফারায়েজ ও নজিবুদ্দৌলা নাটক উল্লেখযোগ্য। আরবী অভিধানের বাঙ্গলা ইংরেজী সংস্করণ প্রকাশে ইচ্ছুক হইয়া কতক অংশ লিখিয়াছি কিন্তু আরবী-শিক্ষা সম্বন্ধে সমাজের আগ্রহ নাই বলিয়া উক্ত কার্য্যে বিরত হইয়াছি। কার্য্যে হস্তক্ষেপ করিবার মহতী বাসনা থাকা সত্ত্বেও অর্থাভাব বশতঃ সেই সকল কার্য্যে হস্তক্ষেপ করিতে অক্ষম।

বঙ্গাকাশের উজ্জ্বলতম নক্ষত্র জমিদারকুল-তিলক, উদার হৃদয়, দয়াবান, দাতা প্রবর, বিদ্যোৎসাহী, প্রজারঞ্জক, সৌজন্য পরিপূর্ণ, ভক্তিভাজন আটলাধিপতি মহামান্য রাজা রায় শরৎচন্দ্র

রায় চৌধুরী (কাইসারে হিন্দ) বাহাদুরের ভারত সম্রাটের বিপদকালীন অসীম রাজভক্তি প্রদর্শন, বিবিধ দেশ হিতকর ও শিক্ষা বিস্তার কার্য্যে জাতি-ধর্ম্মনির্ব্বিশেষে আন্তরিক সাহায্য ও অকাতরে অজস্র অর্থ দান দর্শনে আমার হৃদয়ে তাঁহার প্রতি অপূর্ব্ব ভক্তিরসের উদ্রেক ও অনির্ব্বচনীয় আবেগের সৃষ্টি হয়। তদ্দেতু দেশের ও দশের পক্ষ হইতে তাঁহার প্রতি গভীর কৃতজ্ঞতা ও ভক্তি প্রকাশ করা দ্বিতীয় সংস্করণের প্রধানতম উদ্দেশ্য। সুতরাং ভক্তি ও কৃতজ্ঞতা নিদর্শন স্বরূপ এই ক্ষুদ্র গ্রন্থখানি উক্ত স্বনামধন্য প্রাতঃস্মরণীয় সর্ব্বজন প্রশংসিত রাজা বাহাদুরের করকমলে অর্পিত হইল।

شاهان چه عجب گر بنوازند گدارا

"রাজার পক্ষে দরিদ্রের প্রতি অনুগ্রহ বর্ষণ বিচিত্র নহে।"

বর্ত্তমান সংস্করণে হস্তক্ষেপের জন্য জগতব্যাপী মহাসমরও গ্রন্থকারের হৃদয়ে একপ্রকার উৎসাহ উত্তেজনায় সৃষ্টি করিয়াছে। গত সংস্করণে উদ্ধৃত আরবী, পারসী ও উর্দ্দু পদ নিচয় বাঙ্গালা ভাষায় মুদ্রিত হইয়াছে; তাঁহা পাঠে পাঠক পাঠিকাগণকে অসুবিধা অনুভব করিতে হইয়াছিল। তবে আনন্দের বিষয় যে উক্ত অসুবিধা সত্ত্বেও মোসেদ্দাস হালীর অনুকরণে রচিত বলিয়া গ্রন্থখানি সমাজে সাদরে গৃহিত হয়।

বর্ত্তমান সংস্করণে উক্ত গ্রন্থ বহুল পরিমানে সংশোধিত ও পরিবর্দ্ধিত হইয়াছে এবং উদ্ধৃত আরবী, পারসী, উর্দ্দু, পদ সমূহ উক্ত ভাষাতেই লিখিত হইয়াছে।

দানশীলতা, উদ্যমশীলতা, চরিত্র, সমর প্রসঙ্গ, সৃষ্টি তত্ত্ব প্রভৃতি কয়েকটী বিষয় বর্দ্ধিত করা হইয়াছে। পবিত্র কোরান ও হাদিস হইতে নির্ব্বাচিত পদাবলী এবং আরবের ও পারস্যের অমর কবিবৃন্দের হিতোপদেশপূর্ণ বায়েৎ স্থানে স্থানে উদ্ধৃত করিয়া তাহাদের ভাবার্থ বঙ্গভাষায় অনুবাদ করা হইয়াছে। আমি কবি নহি, সুতরাং আমার গ্রন্থে নূতনত্ব কিছুই নাই তবে ইস্‌লাম ভাণ্ডারে যে সকল উচ্চ ভাবপূর্ণ অপ্রকাশিত উপদেশাবলী আছে কোন কোন স্থলে তাহার কোন কোন অংশ উদ্ধৃত করিয়া ইস্‌লামের পূর্ণ গৌরব ও অতীত মহত্ত্ব স্মরণ করাইয়া বঙ্গীয় মুসলমান সমাজকে উন্নতির পথে চালিত করাই গ্রন্থের মূল উদ্দেশ্য। ইহা সমাজে আদৃত ও পঠিত হইলে ব্যয় ও শ্রম সার্থক মনে করিব। ভুল ভ্রান্তির জন্য ক্ষমা প্রার্থনীয়।

১৯১৮ সালের জুলাই মাসে পুস্তকটী লেখা শেষ হয় কিন্তু অর্থাভাবে প্রকাশ করিতে বিলম্ব হইল।

বন্ধুবর খাঁ সাহেব মৌলবী আবিদ আলি খাঁ, প্রিয়তম মৌলবী আবদুল হাফিজ খাঁ, বি, এল্ ও মৌলবী রেয়াজুদ্দিন আহম্মদ, বি, এল্ সাহেবান প্রুফ দেখিয়াছেন ও স্থানে স্থানে ভুল সংশোধন করিয়াছেন বলিয়া কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

মালদহ,
১৯২৪ ইং

আবদুল গণি,

সাহায্য প্রাপ্তি স্বীকার।

নিম্নোক্ত হৃদয়বান মহাত্মাদিগের নিকট ইস্‌লাম বিলাপ প্রকাশের জন্য সাহায্য প্রাপ্ত হইয়াছি। তজ্জন্য তাঁহাদিগকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

বিনীত—
আব্দুল গণি
১৯২৪।

মহাম্মদ কাদের বক্স	সাং	মোকিমপুর	১০৲
আব্দুল আজিজ বিশ্বাস	,,	গুপ্তমানিক	১০৲
হাজি চান্দ মুন্সী	,,	বিরামপুর	১০৲
,, জোহর্দ্দি বিশ্বাস	,,	কমলগ্রাম	১০৲
কেয়ামাতুল্লা বিশ্বাস	,,	চান্দপুর	৩৲
হাজি ইব্রাহিম মণ্ডল	,,	চককীর্ত্তি	২৲
,, মহাঃ কেয়ামাতুল্লা মিঞা	,,	চাতরী	৫৲
মকশুদ আলী মিঞা	,,	মামারকপুর	০৲
মহাঃ ভাদু বিশ্বাস	,,	চককীর্ত্তি	৫৲
কামিরুদ্দীন মণ্ডল	,,	রাণীনগর	০৲
		মোট	৬৯৲

ইসলাম-বিলাপ।

শুদ্ধি পত্র

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
২২	২১	—	ডুবিয়া
৩২	১৪	বহুসেনা	বহসেনা
৩৮	২২	তারে	তীরে
৫০	৩	ভূল	ভুল
৫২	৫	যাহা	বাছা
৫৫	১৬	রুমী	বায়েজিদ
৬৩	৩	ভুষণে	ভূষণে
১০৬	৬	বিদ্রোহতাচরণ	বিদ্রোহাচরণ
১০৯	৯	করিতে	করিবে

ইসলাম-বিলাপ।

(সমাজ-চিত্র)

حـــال زار مـــن لميـــداند كسے
هستم انـــدر آتش غم جوں خسے

"কে বুঝিবে কি যে জ্বালা অন্তরে আমার।
চিন্তানলে তৃণ সম দহে অনিবার॥"

گهتا سر پہ ادبار كي چها رهي هے
فلاكت سما اپنا دكهلا رهي هے

"ঘোর ঘন ঘটা এবে ছাইয়া আকাশ।
প্রচণ্ড প্রতাপ নিজ করিছে প্রকাশ।"

উত্তাল তরঙ্গময় সময় সাগর,
কুজ্ঝটিকা পরিপূর্ণ অসীম অম্বর।
চপলা চমক আর বারিদ দমক,
সঘনে কাঁপিছে তাহে হৃদয় ফলক।
উদ্বেলিত উর্ম্মিমালা গভীর গর্জ্জনে,
উপেক্ষিয়া উত্তরিছে বারিদ শাসনে!

সুচতুর কর্ণধার সময় তাড়নে,
সতর্কতা সহকারে অতি সাবধানে,
সময়ের গতি বিধি করি নিরীক্ষন,
সাবধানে করে সবে ক্ষেপ্রণী চালন।
অবহেলি প্রকৃতির শত বিড়ম্বনা,
সমাজ তরণী তারা রক্ষিছে আপনা।
দুর্দ্দশা সাগরে কিন্তু আমি অভাগিনী,
দিবা নিশি বিলাপিছি হ'য়ে বিষাদিনী।
হায় রে! বিধবা সম হয়ে অনাথিনী,
ফিরি আমি দ্বারে দ্বারে যেন ভিখারিণী।
না আছে মর্য্যাদা মম না আছে গৌরব,
কালের কুটিল চক্রে হারা'য়েছি সব।
আমার গৌরব রবি এবে অস্তমিত।
হায় রে, আমি যে এবে ঘৃণিত লাঞ্ছিত॥
নগ্নশির, নগ্নদেহ, নগ্ন যে চরণ,
মম দুঃখে দুঃখী হ'তে নাহি কোন জন।
ভাসিতেছি তরী মম অকূল পাথারে।
না হেরি নির্ভীক মাঝি রক্ষিতে আমারে॥
তর্জ্জন গর্জ্জন বৃথা শ্রবণ বিবরে,
ত্রাস তাহে নাহি হয় আরোহী অন্তরে।

جگاؤں کسے قوم تو سو رہی ہے
بتاؤں کسے بیخودی ہو رہی ہے

হায় রে, কহিব কারে প্রাণের বেদনা।
হায় রে, শুনাব কারে মনের যাতনা॥
নিদ্রিত আরোহিগণ সংজ্ঞা শূন্য সবে,
জাগিবে কি তারা আমি ডুবিব রে যবে?

মোশ্লেম

কে মা তুমি অনাথিনী কেন হেন বেশ,
কোথায় জনম তব কোথা তব দেশ?
শুনি তব মর্ম্ম ভেদী ক্রন্দন করুণ,
পাইনু হৃদয়ে মাগো যাতনা দারুণ।
ইচ্ছা করি ত্যজি সব বিলাস ব্যসন,
হই রত তব দুঃখ করিতে মোচন।

ইসলাম

ইসলাম, ইসলাম, বাছা, শুন মম নাম,
সুদূর আরব দেশে আমার জনম।
সম্ভাষি সাদরে মোরে পাক নিরঞ্জন,
পবিত্র কোরাণে মোর করিল বর্ণন।

إِنَّ الدِّينَ عِندَ اللَّهِ الْإِسْلَامُ

"ইসলাম প্রকৃত ধর্ম্ম সত্য সনাতন,
অতি প্রিয় ধর্ম্ম ইহা আমার সদন।

দয়াময় খোদাতালা পৃথিবী মাঝার,
স্বীয় অভিপ্রেত ধর্ম্ম করিতে প্রচার।
নিজ নূর হ'তে নূর করিয়া সৃজন,
প্রেরিল্ পরম প্রিয় রসুল আপন।

هوے پہلوئے آمنہ سے ہویدا
دعای خلیل اور نوید مسیحا

"খলিলুল্লা যাঁর জন্য দোয়া ক'রেছিল,
মসিহা যাঁহার বার্ত্তা ইঞ্জিলে ঘোষিল"।
তৌরিতে হজরত মুসা, দাউদ যবুরে,
আগমন বার্ত্তা যাঁর ঘোষিল সজোরে।
জন্মিল সে মহাপ্রভু প্রিয় মোহাম্মদ,
আরব প্রদেশে মক্কা নগরে, সম্বাদ।
তাঁহাও ইয়াসিন, আর বাশির নাজির,
আহমদ, মাহমুদ নামে বিখ্যাত সে বীর।
জীন, পরী, দেব, দৈত্য, মানব কি ছার,
আপনি বিধাতা ঘোষে প্রশংসা তাঁহার।

محمد کہ آمد سراج منیرا
بمؤمن و کافر بشیرا نذیرا

আরবের অবস্থা

মহা প্রভু-মোহাম্মদ জন্মিল যখন,
আরব জড়তা পূর্ণ আছিল তখন।
পাপাচার, ব্যভিচার, ছিল ঘরে ঘরে,
প্রপীড়িত দেশ বাসী ঘোর অত্যাচারে।

বর্ব্বরতা দলাদলি ফলে সদা তলোয়ার চলিত,
রক্ত স্রোতে দেশময় প্লাবিত হইত।
না ছিল আরবে কোন সমাজ বন্ধন,
স্বেচ্ছাচার পূর্ণ ছিল সকলের মন।
কলহ বিবাদে লিপ্ত সতত থাকিত,
লুণ্ঠন, হরণ কার্য্য নিত্য সংঘটিত।
যদি কোন নারী, কন্যা করিত প্রসব,
জীবন্ত প্রোথিত তারে করিত মানব।
শতাধিক পত্নী প্রথা ছিল প্রচলিত,
পাপ পুণ্য ভেদাভেদ জ্ঞান বিরহিত।
অন্ধকারাচ্ছন্ন ছিল জ্ঞানের ভাণ্ডার,
অজ্ঞতা তিমিরে ছিল আরব আঁধার।

মূর্ত্তি পূজা একেশ্বর বাদ জ্ঞানে থাকিয়া বঞ্চিত,
অবাধে মুরতি পূজা সকলে করিত।
এ হেন অবস্থা যবে ছিল আরবের,
জন্মিল সে শেষ নবী শান্তি জগতের।
হইল সমগ্র মক্কা নন্দন কানন,
জন্মিল তথায় যবে আব্দুল্লা নন্দন।
জনম লভিল প্রভু আরবে যে দিন,
বর্ষিল প্রচুর বারি সেখানে সে দিন।
ফল ফুলে বিভূষিত হইল অবনী,
নূতন জীবন যেন পাইল ধরণী।

بہار اب جو دنیا میں آئی ہوئی ہے
یہ سب پود الہی لگائی ہوئی ہے

বহু কালাবধি ছিল নিদ্রিত যে জাতি,
সজাগ হইল এবে পেয়ে নব ভাতি।

اتر کر ہرا سے سوے قوم آیا
اور ایک نسخۂ کیمیا ساتھہ لایا

পুত্তলিকা পরিপূর্ণ ছিল যে আরব,
তৌহিদের ভেরি তথা বাজিল ভৈরব।
অসংখ্য মূরতি পূজা করিত যাহারা,
আল্লাহো আকবর রবে পূরিল তাহারা।

گیا جوش میں بولہب جسکے کھویا
ابوجہل کا جسنے بیڑا ڈبویا

"বুলহব ও 'বুজেহেল নবী শত্রু দ্বয়,
প্রবল প্রতাপে তাঁর পাইল বিলয়।"
মহামান্য মোহাম্মদ মানব প্রধান,
বিশাল বিশ্বের সৃষ্টি যাঁহার কারণ,
আত্ম সুখ স্বার্থ ভোগ করি বিসর্জ্জন,
প্রচার করিল মোরে করি প্রাণপণ।
আত্মীয় স্বজন কত করিল লাঞ্ছিত,
তথাপি স্বধর্ম্মে নাহি হইল বিরত।
মানবে সুপথ খোদা প্রদর্শন তরে,
পবিত্র কোরাণ বাণী অর্পিল তাঁহারে।

কুনীতি-পদ্ধতি যত সমূলে উপাড়ি,
সুনীতি নিচয় তথা করিলেন জারি।
পুরাতন রীতি নীতি সংশোধন তরে,
অসীম যন্ত্রণা ভোগ কৈল অকাতরে।

مس خام کو جسنے کندن بنایا
کھرا اور کھوٹا الگ کر دکھایا

"মলিন খনিজ ধাতু করিয়া উদ্ধার,
সত্যাসত্য ভেদাভেদ করিল প্রচার।"

عرب جس پہ قرنوں سے تھا جہل چھایا
پلٹ دی بس ایک آن میں اُسکی کایا

মূর্খতা তিমিরে ঢাকা ছিল যে প্রদেশ,
জ্ঞানের আলোক তথা করিল প্রবেশ।
ঘুচাইয়া জগতের ভ্রম অন্ধকার,
একেশ্বরবাদ ধর্ম্ম করিল প্রচার।
একতার বীজ করি সমাজে রোপন,
ঢাকিল তাহারে দিয়া ধর্ম্ম আবরণ।

نئی ایک لگن دل میں سبکے لگادی
ایک آواز میں سوتی بستی جگادی

"নব এক যুগ বিশ্বে করি আনয়ন,
সুষুপ্ত ধরণী ধামে কৈল জাগরণ।
সৃষ্ট জীব মধ্যে শ্রেষ্ঠ করিয়া তাঁহারে,
সর্ব্বাপেক্ষা সাম্য মূর্ত্তি প্রদানিল তাঁরে।

ছিল না কেবল নবী ধর্ম্ম প্রচারক,
রাজনীতি ক্ষেত্রে ছিল অতুল শিক্ষক।

وہ جو حق سے اپنے لئے چاہتے تھے
وہی ہر بشر کے لئے چاہتے تھے

"স্বীয় হেতু যাহা কিছু করিল প্রার্থনা,
মানব জগৎ হেতু কৈল সে কামনা"।
কটু কথা রুষ্ট ভাষা কভু না কহিল,
মিষ্ট ভাষে সদালাপে সকলে তুষিল।
শিষ্টাচারে সদালাপে হয়ে পরাজিত,
যাদুকর নামে তাঁরে কৈল আখ্যায়িত।
উদারতা পরিপূর্ণ সরল হৃদয়,
সহাস্য বদন সদা পূর্ণ তেজময়।

খেলাফত প্রসবিনু চারি পুত্র অবনী উজ্জ্বালি,
'বুবাকার, উমর, ওস্‌মান আর আলি।
উদিল ইসলাম রবি আরব আকাশে,
জাগিল জগৎ বাসী তাহার পরশে।
খলিফা নামেতে খ্যাত উক্ত বীরগণ,
খেলাফত নামে রাজ্য করিল স্থাপন।
এখন জগতে মম ঘোষিছে গৌরব,
যদিচ বিলুপ্ত এবে অতীত বিভব।

خلیفہ تھے امت کے ایسے نگہبان
ہو گلہ کا جیسے نگہبان چرواہا

"ছিল তাঁরা উম্মতের হেন নেগাহ্‌বান,
পশুর পালক যথা হয় সাবধান"।

وہ وارث رسول امین کے کہان ہین
وہ ارکان شرع متین کے کہان ہین

"কোথা সে নায়েব এবে রসুল খোদার,
ইসলাম রক্ষক যারা ছিল দুনিয়ার।"

گل گشته رگلستان په پڑهر صلی علی تم
هر پهول کي پتي مين رچي برے محمد

"পুষ্প বিরহিত, মাত্র রয়েছে বাগান,
পড় সবে সল্লে আলা ধরি একতান।"
"গাওরে মোস্লেমগণ নবী গুণ গাওরে,
পরাণ ভরিয়া সবে সাল্লে আলা গাওরে।
ভব পার যেতে যার বাসনা সে আওরে,
ত্বরা করি প্রাণ ভরি সাল্লে আলা গাওরে"।
কহ শুনি কহ বাছা কি নাম তোমার,
তাহ'লে বর্ণিব আমি বেদনা আমার।

মোস্লেম

মোস্লেম আমার নাম তোমার নন্দন,
প্রস্তুত সর্ব্বদা আছি সেবিতে চরণ।
কিবা দুঃখ তব মাত থাকিতে সন্তান,
মর্ম্ম ভেদী বিলাপের কিবা প্রয়োজন।

বিশ্ব জয়ী বীর মোরা, বিদিত ভুবন,
আদেশ করিবে যাহা করিব পালন।
একদা মোদের যশে জগৎ ছাইল,
একদা মোদের গুণ সকলে গাহিল।
একদা মোদের দাপে পৃথিবী কাঁপিল,
একদা মোদের যশে ভারত পূরিল।
একদা শাসিনু মোরা অখণ্ড ভুবন,
পর্ব্বত পাহাড় লঙ্ঘি অগম্য কানন।
পূরব পশ্চিম আর উত্তর দক্ষিণ,
একদা মোদের কাছে ছিল পরাধীন।
একদা ধরিয়া হাতে কৃপাণ শাণিত,
সসাগরা ধরা মোরা করিনু স্তম্ভিত।
ভ্রমিল একদা কত বাণিজ্য তরণী,
ভ্রমিল একদা কত বিজয়ী সেনানী।

كزك اور دمك دور دور اسكي پهنچي
جو ٹيكس په گرجي تو گنگا به برسي

অসাধ্য সাধন মোরা করিনু ভুবনে,
অসাধ্য না ছিল কিছু মোদের সদনে।

جهان كرديا گرم گرما گئے ؎
جهان كرديا نرم نرما گئے ؎

ইসলাম

ধিক্কার নাম মাত্র মুসল্‌মান কহি তবে শুন।
জ্বেলনা হৃদয়ে বাছা দ্বিগুণ আগুণ॥
অতি উচ্চ নাম সেই মম সন্তানের।
সে নামের অধিকার নাহিক তোদের॥

نشان تیرا باقي ہے صرف اسقدریان
کہ گنتے ہو اپنے کو تم بھي مسلمان

"এই মাত্র নিদর্শন রয়েছে তোমায়;
মোশ্লেম বলিয়া মুখে দিছ পরিচয়।"
না হয় মোশ্লেম শুধু কোরাণ পড়িলে,
দরুদ পড়িলে কিম্বা মস্‌জিদ ঝাড়িলে।
না হয় মোশ্লেম মাত্র মুখের কথায়,
প্রকৃত ইমান যদি না থাকে তথায়।

بزرگون کي توقير کھوئي ہے تم نے
عرب کي شرافت دبوئي ہے تم نے

না পড় নমাজ টুপি না দাও মাথায়,
তবুও মোশ্লেম হ'তে মনে সাধ যায়।

مَنْ يَقُوْلُ اٰمَنَّا بِاللّٰهِ وَبِالْيَوْمِ الْاٰخِرِ وَمَا هُمْ بِمُؤْمِنِيْنَ

"মুখে যারা পরিচয় দেয় মুসলমান,
তারাও প্রকৃত পক্ষে না রাখে ইমান।"

প্রথম খলিফা চারি মস্তফা নবীর,
নামাজ আদায় কালে কাটাইল শির।
পড়িল নামাজ দেখ ইস্‌লাম সন্তান,
অরক্ত বেষ্টিত যবে কার্ব্বালা ময়দান।
না হয় মোস্লেম ক'রি গো মাংস ভক্ষণ,
না হয় মোস্লেম পরি তহবন বসন।
না হয় মোস্লেম রাখি দাড়ি এক হাত,
না বুঝি নামাজ পড়ি না পায় না জাত।

لَا تَقْرَبُوا الصَّلٰوةَ وَاَنْتُمْ سُكٰرٰى حَتّٰى تَعْلَمُوْنَ مَا تَقُوْلُوْنَ

"নমাজ সমীপে পুন কভু না আসিবে,
নেশায় বেহোশ্ যবে তোমরা থাকিবে।"

بشنو از اخبار آن صدر صدور
لا صلوٰة تم الا با لحضور

"শুন বাছা কহি তবে রসুল বচন,
না হয় উদাস মনে 'সালাত' কখন।
না হয় স্বরগ লাভ কেবল রোজায়,
বহুবিধ উচ্চ নেকী রয়েছে ধরায়।

دوستي بيخرد چون دشمنی است
حق تعالی زين چنين خدمت غنی است

"মূর্খের মিত্রতা মাত্র শত্রুতা খোদার,
এ হেন মিত্রতা নহে ঈপ্সিত তাঁহার।"

মোস্লেম

ইসলাম গৌরব কীর্ত্তি অতীত কাহিনী,
শুনিতে বাসনা হৃদে কহগো জননী।
স্মরিলে অতীত শৌর্য্য বীর্য্য বীরপণা,
অন্তরে উদ্রেক যদি হয় উত্তেজনা।

ইসলাম

অতীত গৌরব।

বিখ্যাত বিশ্বেতে আমি বীর প্রসবিনী,
পড়ে কি মনেতে বাছা অতীত কাহিনী ?
ছিল তারা ইস্লামের নির্ভীক সন্তান,
আছিল তাদের হৃদে প্রকৃত ইমান।
মম গর্ভে জন্ম লাভ করি বীরগণ,
প্রকম্পিত করেছিল একদা ভুবন।
উমর প্রতাপে বাছা মেদিনী কাঁপিত,
হায়্দারী হাঁকেতে তাঁর ত্রিলোক ত্রাসিত।
খালেদ কৃপাণ বাছা জগৎ বিদিত,
ইতিহাস পৃষ্ঠে তাহা রয়েছে খচিত।
"ষষ্টি জন সৈন্য ষষ্টি সহস্র কাফেরে,
বিমর্দ্দিত করেছিল এর্মুক সমরে,
হোসেনের বীরপণা কার্ব্বালা প্রান্তরে,
সতত জাগ্রত আছে মোস্লেম অন্তরে।

সম্ভর স্বজন সহ বীরেন্দ্র কেশরী
যুঝিল অরাতি সহ দিবা বিভাবরী।
দশ দিন শৌর্য্য বীর্য্যে যুঝি অনশনে,
রাখিয়া অতুল কীর্ত্তি বরিল মরণে।
ক্রুসেড্ বিজয়ী খৃষ্ট ত্রাস সালাদিন,
এখনো যাঁহার নামে খৃষ্টান মলীন।
ইস্‌লাম গৌরব রক্ষা করি প্রাণ পণে,
শায়িত হইল বীর সমর প্রাঙ্গণে।

سر احکام دین پر جھکا دینے والے
خدا کے لئے گھر لٹا دینے والے

কত দেশ মহাদেশ পদানত করি,
চলিল সকলে পাপ পুরী পরিহরি।
বাজিল তৌহিদ ডঙ্কা সুদূর আরবে,
কাঁপিল কাফের কুল সে ভৈরব রবে।
রোমানের আধিপত্য বিলুপ্ত হইল,
ইস্‌লাম প্রাধান্য যবে প্রকাশ পাইল।
উড়িল আরবে যবে ইস্‌লাম কেতন,
খৃষ্টান রাজন্য বৃন্দ পাইল চেতন।
জাগিল ইউরোপ খণ্ড মম পদার্পণে,
খুলিল সৌভাগ্য তার মম আগমনে।

سرِ راہ چراغ ایک عرب نے جلایا
ہر ایک قافلہ تھا نشان جس سے پایا

উচ্চ মন্ত্র প্রজাতন্ত্র, স্বাধীনতা ভাব,
শিখানু সকলি কিছু না রাখি অভাব।
সাজানু স্বহস্তে তারে সভ্যতা ভূষণে,
সহিষ্ণুতা শিক্ষা দিনু সমর প্রাঙ্গণে।
প্রভুত্ব লভেছিনু স্পেন রাজ্য নিজ ভুজ বলে,
সপ্ত শত বর্ষ ছিল মম পদতলে।
দ্বি শত বরষ ছিল ফ্রান্স করতলে,
স্থাপিনু প্রাধান্য তথা নিজ বীর্য্যবলে।
অষ্ট্রিয়া, হাঙ্গেরী, গ্রীস, ইটালী, সার্ভিয়া,
মালয়, সিংহল, যাবা, সুমাত্রা, রোমিয়া,
মণ্টেনিগ্রো, ক্রীট, আর হারজেগোবিন,
বোর্ণিও, আচীন, মাসিডোন, ফিলিপিন,
অগগন দ্বীপপুঞ্জ ভারত সাগরে,
শাসিনু একদা আমি অতি দর্পভরে।
এখনো প্রভূত রাজ্য রয়েছে ধরায়,
সগর্ব্বে ইস্‌লাম ধ্বজা উড়িছে যথায়।
প্রকৃত মোস্লেম যারা এখনো ভূবনে,
অখুণ্ণ আমার খ্যাতি রেখেছে যতনে।
এখনো আমার যশঃ ঘোষিছে তুরাণ,
এখনো আমার নাম রেখেছে ইরাণ।
এখনো আমার নামে বিদিত আফ্‌গান,
খিবাতে এখনো মোর উড়িছে নিশান।

উড়িছে ইস্‌লাম ধ্বজা এখনো মিশ্রে,
মরক্কো এখনো অসি মম নামে ধরে।
এখনো জঞ্জারে মোর নাম বিঘোষিত
এখনো টুনিস মম বীর্য্যে মুখরিত।
উড়িল মোস্লেম ধ্বজা ভারত সাগরে,
বাজিল বিজয় ভেরী ভূমধ্য উপরে।
প্রশান্ত অশান্ত ছিল ইসলাম প্রতাপে,
আট্‌লাণ্টিক আলোড়িত হ'ল মোর দাপে।
মুষ্টিমেয় মুসলমান মোগল সন্তান,
স্থাপিল বিশাল রাজ্য নাম হিন্দুস্থান।
সপ্ত শত বর্ষ ছিল ইসলাম রাজত্ব,
বাদ্‌শাহী নবাবী আর মোস্লেম মহত্ব।
কীর্ত্তি অনুপম অট্টালিকা মোমতাজমহল,
ভারতে মোগল যশঃ রেখেছে উজ্জ্বল।
কোথা সে ময়ূর তখ্‌ত, দিল্লী সিংহাসন,
কোথা বা সে কোহিনুর বিখ্যাত ভূবন।
কর্ডোভা মসজিদ আর গ্রানাডা প্রাসাদ,
অতুল জগতে ইহা রয়েছে প্রবাদ।
স্থপতি বিদ্যার তারা স্পষ্ট নিদর্শন,
কত যে স্থাপিনু কীর্ত্তি কে করে বর্ণন।
শিক্ষোন্নতি দর্শন, বিজ্ঞান আর সাহিত্য সঙ্গীত,
ভূগোল খগোল বল ভূবিদ্যা গণিত।

ব্যবসা বানিজ্য আর শিল্প ও জ্যামিতি,
সমাজ শাসন, ধর্ম্ম শিক্ষা, রাজনীতি।
শিক্ষাগুরু এ সবেতে আমি জগতের,
ইতিহাস স্পষ্ট সাক্ষ্য দিতেছে তাদের।

হালী

سر کـوہ آدم سے تا کـوہ بیضـا
جہـان جاؤگے کہـوج پاؤگے انکا

কোথা সে প্রাধান্য এবে, কোথা সে উদ্যম,
কোথা সে ঐশ্বর্য্য এবে, কোথা সে সম্ভ্রম।
কোথা সে প্রভুত্ব এবে, কোথা সে বিভব,
নিজ কর্ম্ম দোষে বাছা হারায়েছ সব।

মোশ্লেম

বিধির বিধান মাতঃ অসাধ্য লঙ্ঘন
উত্থান পতন সব অদৃষ্ট লিখন।
কত শত শক্তি মাতঃ সময় সাগরে,
উঠে পুনঃ লয় পায় অম্বু বিম্বাকারে।
মানব শকতি তাহা না পারে খণ্ডিতে,
সকলি সাধিত হয় খোদার ইঙ্গিতে।
আছিল সহায় খোদা মোদের যখন,
অসাধ্য সাধন মোরা করিনু তখন।
যে হেতু বিমুখ খোদা আমাদের প্রতি,
দেখিতেছি মোরা এবে এ হেন দুর্গতি।

ইসলাম

অসহ্য, অসহ্য, বাছা তোমার বয়ান,
দেখহ দেখহ খুলি হাদিস কোরাণ।

কোরাণ إِنَّ اللّٰهَ لَا يُغَيِّرُ مَا بِقَوْمٍ حَتّٰى يُغَيِّرُوا مَا بِأَنْفُسِهِمْ

حالی — که هم نے بگاڑا نہین کوئي اب تک
وہ بگڑا نہین آپ دنیا مین جبتک

"বিনষ্ট না হয় ভবে কভু সেই জাতি,
আপন স্বভাব সৎ রাখে যেই জাতি।
কোরাণ বিধান সবে করি বিস্মরণ,
পাপ পথে এবে সবে করে বিচরণ।
কোরাণ হাদিস বাণী উপেক্ষিয়া ভবে,
এ হেন দুর্দ্দশা আজি দেখিতেছ সবে।

رومی — رمز السکاسب حبیب اللہ شنو
از توکل در سبب کاهل مشو

"যথা সাধ্য চেষ্টা আগে না করি সম্বল,
অদৃষ্টে নির্ভর করা মূর্খতা কেবল"।

رومی — گفت پیغمبر باواز بلند
با توکل زانوی اشتر ببند

"অদৃষ্টের পূর্ব্বে কর উদ্যমে নির্ভর,
ঘোষিল সজোরে প্রভু পাক পয়গম্বর।

যতনে বাঁধিবে আগে আপন শুতর,
পরেতে খোদার প্রতি করিবে নির্ভর।”

মোস্লেম

শ্রবণ করিয়া তব উপদেশ বাণী,
বিদূরিত হ’ল ভ্রম মোদের, জননী।
শুনেছি আমরা মাতঃ মৌলভী কথন,
ইংরেজী শিক্ষায় হয় শিথিল ইমান।
ইংরেজী লেবাস বলে কাফের চলন,
উচিৎ না হয় তাহা কখন পরণ।

ইসলাম

ভ্রম, অতি ভ্রম, ত্বরা কর সংশোধন,
নাহি বলে হেন কথা হাদিস, কোরাণ।
সময়োপযোগী প্রথা ধরিতে হইবে,
দেশ ভেদে, কাল ভেদে, হাদিস পড়িবে।
বিশ্বাস ক’রনা কভু তাহার কথায়,
যে বলে শিক্ষায় হয় ইমান প্রলয়।

اَلنَّاسُ عَلٰى دِيْنِ مُلُوْكِهِمْ — হাদিস

মানব মাত্রেই আপন বাদশাহের
চাল-চলন গ্রহণ করিয়া থাকে।

لیا عقل دین سے نہ کچھہ کام انہون نے
کیا دین برحق کو بدنام انہون نے
হালী

"অক্ষম বুঝিতে তত্ত্ব ইসলাম ধর্ম্মের,
প্রকৃত তারাই দায়ী মম দুর্নামের।"

کہ حکمت کو ایک گم شدہ لال سمجھو
جہان پاؤ اپنا اسے مال سمجھو
হালী

"হস্তচ্যুতধনগণি সংসারে বিজ্ঞান,
যথা পাও তুলি লও বলিয়া আপন।"
পড়িলে ইংরেজী মানি দুই একজন,
বিশ্বাস বিহীন হয় ধর্ম্মেতে আপন।
আমার কথায় তুমি করিবে প্রত্যয়,
স্বভাবের দোষ তাহা শিক্ষা ফল নয়।
শরিফ না ভুলে কভু আপন চলন,
রাজিল করিয়া থাকে কুপথে গমন।
সমাজ উন্নতি আর পতন তাহার,
না করে নির্ভর কভু ধর্ম্মের উপর।
জাতীয় উদ্ধার আর সমাজ উন্নতি,
সম্পূর্ণ নির্ভর করে সমাজের প্রতি।

کہ ہم نے بگڑا نہین کوئی اپنے تئین
وہ بگڑا نہین آپ دنیا مین جبتک
হালী

রোমান রাজত্ব কভু প্রভুত্ব পাইল,
গৌরব সমাজ কভু উন্নত আছিল।



ইংরেজ প্রাধান্য এবে জগৎ ছাইল,
জাপান উত্থান এবে প্রচার পাইল।

হালী یہ ثمرے همین انکي جرانمردي و نکي
نتیجہ همین آپس کی همدردي و نکي

"স্বীয় শৌর্য্য বীর্য্য বলে এ হেন উন্নত,
জাতীয় একতা ফলে হেন সমুন্নত।"

হালী عمـــل جنـکا ہے اس کلام متیـــن پر
وہ سر سبـــز ہین آج روے زمیـــن پر

"হেন উপদেশ প্রতি নির্ভর যাহার,
তিনিই উন্নতি-শীল সংসার মাঝার।

মোস্লেম

সম্বর রোদন মাতঃ সম্বর বিলাপ,
প্রচুর পেয়েছি প্রাণে মোরা অনুতাপ।
বিনয়ে নিবেদি মাতঃ আপনার পায়,
পতন কারণ বল উন্নতি উপায়।

ইসলাম

পতন

রে, মোস্লেম উন্মিলন করি দুনয়ন,
বারেকের তরে হের সমাজ পতন।

হালী پر آفت کہیں ایسی آئی نہ ہوگی
کہ گھر گھر پہ یاں چھا گئی آکے پستی

"এ হেন দুর্গতি ভবে ঘটেনি কাহার,
গৃহে গৃহে এবে সবে করে হাহাকার।"

হালী نہ اہل حکومت کے ہمراز ہیں ہم
نہ درباریوں میں سرافراز ہیں ہم

"মুনসেফ্, ডিপুটি, জজ, উকিল, মোক্তার ;
বিদ্যার অভাবে তাহে নাহি অধিকার।"

کہ کل کون تھے اور آج کیا ہوگئے تم
ابھی جاگتے تھے ابھی سو گئے تم

"ভারতে কি ছিলি কা'ল আজ কি হইলি,
নবাবী বাদ্‌শাহী সব দিয়ে জলাঞ্জলী।"
ছিলি তোরা নরপতি কা'ল যেই দেশে,
গোলাম মজুর তোরা আজ সেই দেশে।
কা'ল যেই দেশে ছিলি সম্রাট সন্তান,
আজ সেই দেশে তব হেন অপমান ;
হায় রে বঙ্গেতে তোরা ঘৃণিত লাঞ্ছিত
সম্মান বিহীন হয়ে পদ বিদলিত।
বিস্মৃত হইয়া সবে অতীত কাহিনী,
গণিছ আমারে বাছা এবে কাঙ্গালিনী।
গিয়াছে যশঃ গভীর পাতালে,
ভাসিয়া গিয়াছে মান জলধির জলে।

শুইয়া গিয়াছে বীর্য্য জড়তা আঁচলে,
লুকায়ে গিয়াছে শৌর্য্য ললনা মহলে।
মিশিয়া গিয়াছে শৌর্য্য বিস্মৃতি কবলে,
পুড়িয়া গিয়াছে ঐক্য কলহ অনলে।
চৌকিদার, দফাদার, প্যাদা, গাড়োয়ান,
খানসামা, বাবর্চ্চি, দর্জ্জি, কোচ্‌মান, দারোয়ান।

یہ اے قوم اِسلام پہ عبرت کی جا ہے — হালী
کہ شاہونکی اولاد در در گدا ہے

"অতীব লজ্জার কথা রে মোস্লেমগণ,
দ্বারে দ্বারে ভিক্ষা করে সম্রাট সন্তান."

دیکھین ہین یہ دن اپنے بھی غفلت کے بدولت — হালী
سچہہ ہے کہ برے کام کا انجام برا ہے

"নিজ কর্ম্ম দোষে বাছা এ হেন দুর্গতি,
অলস জাতির সদা হয় এই গতি।
ব্যবসা বাণিজ্য প্রতি নাহিক আসক্তি,
গোলামী মজুরী প্রতি সদা অনুরক্তি।
শিখিল ভারতবাসী তব আগমনে,
সুখাদ্য সুবেশ আর পর্দা আবরণে।
সে দেশে বেপর্দা এবে তোরা রে মোস্লেম,
অসভ্য অসৎ আর মূর্খ বেএলেম।

ملے خاک مین پر زینت رہی ہے — হালী
ہوے صبح اور خواب راحت رہی ہے

"ধরায় পতিত কিন্তু তথাপি গর্ব্বিত,
প্রভাত হয়েছে তবু শয্যায় শায়িত।"
"পশুর দশায় এবে সবে পরিণত,
দুর্দ্দশা জড়িত তবু অহঙ্কারে রত।"

নির্লজ্জতা بہایم کی اور انکی حالت ہے یکسان حালী

کہ جس حال مین ہین اُسیمین ہین شادان
نہ ذلت سے نفرت نہ عزت کا ارمان
نہ دوزخ سے ترسان نہ جنت کا خواہان

"সম্মানে আকাঙ্ক্ষা হীন, লজ্জা ভয় নাই,
দোজখে নাহিক ভয় বেহেস্ত না চায়।
নাহিক উন্নতি আশা নাহিক উদ্যম,
আছে কি জগতে জাতি এ হেন অধম।"

نہ پہننے کو کپڑا نہ کھانے کو روٹی حালী
جو تدبیر اُلٹی تو تقدیر کھوٹی

অনশনে, অবসনে, জীবন যাপন,
অদৃষ্ট লিখন বলি দুঃখ সংবরণ।
সমাজ সম্বল এবে করি ছার খার,
হা অন্ন, হা অন্ন, রবে করে হাহাকার।

دلونمین ہے یک قلم سب نے تہانی حালী
کہ کیجئے بسر مانگ کر زندگانی

"ভিক্ষা বৃত্তি একচেটে এবে মোশ্লেমের,
মানাপমান জ্ঞান রহিত তাদের।"

নৈতিক কারাগার কলেবর কর দরশন,
অবনতি করিছে তাহারে পূর্ণ মোশ্লেম নন্দন।
ফৌজদারী কোর্টেতে যাও কিম্বা আদালত,
দেখিবে মোশ্লেম বৃন্দে করি যোড় হাত।
বাদী ও বিবাদী সাক্ষী সকলি মোশ্লেম,
যে হেতু তাহারা সবে হয় বেএলেম।
তরুতলে দলে দলে বসি পাশাপাশি,
কুতুহলে গলে গলে কত হাসাহাসি।
আসিয়াছে সাক্ষ্য দিতে আত্মীয় স্বজন,
মিথ্যারে সাজাতে দিয়ে সত্যের ভূষণ।
হায়রে এ দাড়ী তবে কিসের কারণ,
করিতে সুন্নতে বুঝি হেন অপমান।
দারিদ্রতা অনাহারে আপনারে করে নির্য্যাতন,
পরিজন বর্গে পাপী রাখে অনশন।
জীর্ণ শীর্ণ বস্ত্র পাপী করে পরিধান,
স্বজনে না দেয় ভাল বসন ভূষণ।
খড় হীন চাল আর পর্দা হীন বাড়ী,
আত্মীয় স্বজনে করে ভিক্ষা বাড়ী বাড়ী।
রক্ত বিনিময়ে অর্থ করিয়া উপায়,
অকাতরে ব্যয় করে প্লীডার পূজায়।
পরিবর্ত্তে লভে মূর্খ অকথ্য কথন,
না পায় যাতনা মনে তাহার কারণ।

এক বই বস্ত্র নাই ললনাগণের,
না পায় সুযোগ তাহে নমাজ পাঠের।
মোস্লেম সন্তান হয় দাড়ীতে প্রমাণ,
কলেমা না জানে মূর্খ না বুঝে ইমান।
ধর্ম্ম জ্ঞান বিবর্জ্জিত, বিদ্যা বুদ্ধি হীন,
অসভ্য অধম অপদার্থ অর্ব্বাচীন।

نہ فکر انکو اولاد کی تربیت کا — হালী
نہ کچھہ ذلت قوم کی انکو پروا

"শিক্ষা হেতু সন্তানের চিন্তা নাই মনে,
নাহি দুঃখ সমাজের মান অপমানে।"
এ হেন জাতি কি কেহ কভু দেখিয়াছে ?
ঘৃণিত লাঞ্ছিত হয় অপরের কাছে।
না হয় আস্তিক মূর্খ, নহে ত নাস্তিক,
মৌখিক মোস্লেম মাত্র নহে আন্তরিক।
মুখেতে আল্লার বান্দা নবীর উম্মত,
না বুঝে শরিয়ত কিম্বা না বুঝে মার্ফত।
না হয় জীবিত জাগ্ত নির্জ্জীব ত নয়,
বঙ্গেতে অদ্ভুত জাতি ইস্লাম তনয়।
না হয় শয়তান্ কিন্তু কার্য্যে ততোধিক,
কি আর কহিব আমি ইহার অধিক।
মুখে দেয় পরিচয় ইস্লাম তনয়,
অর্জ্জুন, কার্ত্তিক সেখ নামে কিন্তু হয়।

বড় দাড়ী মোশ্লেমের না হয় প্রমাণ,
অন্তরে বাহিরে চায় ইস্‌লাম ইমান।
নামেতে বিশ্বাস কিন্তু কার্য্যে অবিশ্বাস,
চৌধুরী খেতাব পেতে বড় অভিলাষ।
হা ধিক সমাজে হেন সমাজ নেতারে,
ইস্‌লাম তনয় হয়ে হেন নাম ধরে।

بچـــایا بـــرائی سے انکـــو یہ کہـــکر — حالی
کہ طاعت سے تـرک معاصی ہے بہتـر

"হেন উপদেশ নবী উম্মতে দানিল,
পাপ কাজ হতে দূরে থাকিতে কহিল।
পাপ পুণ্য বিজড়িত হয় না বাঞ্ছিত,
হেন পুণ্য চেয়ে, পাপে থাকিবে বিরত।"

نہ بد خـــواہ سمجھـــو تم اب یارونکـو — حالی
نہ بد خـــواہ تمـــہارؤ تـم رہبـرونکـــو

"হিতাকাঙ্ক্ষী জনে কভু অরি না ভাবিবে,
সুপথ দর্শকে তুমি হিতৈষী জানিবে।"

دو الـزام پہلے نصیحت گرونکـو — হালী
تتـولـو ذرا پہلے اپنے گھـرونکـو

"দুষিবে পশ্চাতে তুমি উপদেষ্টা জনে,
প্রথমে প্রবৃত্ত হবে গৃহ অন্বেষণে।"

মোস্লেম

সমাজ দুর্দ্দশা বার্ত্তা করিয়া শ্রবণ,
আমরা বিশেষ জ্ঞান করিনু অর্জ্জন।
বিনয়ে নিবেদি মাতঃ আপনার পায়,
পতন কারণ বল উন্নতি উপায়।

ইস্‌লাম

পতন কারণ।

সমাজ-কলহ

حالی جو دین کے همدرد بنی نوع بشر تھا
اب جنگ و جدل چارونطرف اسمین بپا ہے — حالی

"যে ধর্ম্ম জগতে শান্তি কৈ'ল আনয়ন,
সে ধর্ম্মে কলহ আজি নিত্য বর্ত্তমান।"
শিয়া সুন্নি মতানৈক্য বাদ প্রতিবাদ,
হানিফি, হাম্বেলী, শাফী, মালেকী বিবাদ।

حالی رہے اہل قبلہ مین جنگ ایسے باہم
کہ دین خدا پر هسین سارے عالم — حالی

"হেরিয়া তোদের এই সমাজ কলহ,
হাসিছে বিপক্ষবাদী সবে অহরহ।"

حالی چہرتونمین اطاعت ہے نہ شفقت ہے بزرنمین
پیارونمین محبت ہے نہ یارونمین وفا ہے — حالی

"পিতামাতা প্রতি ভক্তি নাহিক এখন,
ভ্রাতৃ ভাব, সাম্য নীতি মৌখিক বচন।"
না আছে সমাজে এবে স্বজাতির টান,
না আছে মর্য্যাদাজ্ঞান, মান অপমান।

হালী

نہیں دستیاب ایسے اب وہ مسلمان
کہ ہر ایک کو دیکھ کر ایک شادمان

"নাহি দেখি এবে আমি হেন মুসলমান,
যে হয় দেখিয়া অন্যে আনন্দিত মন।"
অনর্থ অর্থের তরে ভ্রাতৃ শিরপরি,
অকাতরে হানে অসি যেন এক অরি।
উদারতা বিদূরিত হৃদয় হইতে,
অহরহঃ নিয়োজিত অপরে নিন্দিতে।

হালী

عداوت نہاں دوستي آشکارا
غرض کي تواضع غرض کي مدارا

"মুখেতে পরম বন্ধু,মনে বিপরীত,
তোদের মিলন মাত্র স্বার্থ বিজড়িত।"
না আছে সদয় ভাব দরিদ্রের প্রতি,
না আছে করুণা কথা অনাথের প্রতি।
সদাচার শূন্য, কদাচার পরিপূর্ণ,
পাপ পঙ্কে নিমজ্জিত, মদ মত্তে চূর্ণ।
অতীত কালের কথা না করে স্মরণ,
ভবিষ্যৎ দশা কেহ না করে চিন্তন,

হালী · ہمارا یہ حق تھا کہ سب یار ہوتے
مصیبت میں یارونکے غم خوار ہوتے

ধনী কি নির্ধন কিম্বা সাধু কি কৃষক,
যুবক, যুবতী, বৃদ্ধ, বালিকা, বালক,
শেখ কি, সৈয়দ,মীর, মীর্জ্জা কিম্বা কাজী,
মোগল, পাঠান, মোল্লা, মুফ্‌তী কিম্বা হাজী,
অজ্ঞতা তিমিরে ঘোর নিদ্রায় নিদ্রিত,
হায় রে ইহারা কবে হবে জাগরিত!
কভু না সম্ভবে সেই সমাজ পতন,
করে যে সমাজ বাছা আপন যতন।

আত্ম-বিচ্ছেদ

আত্মীয় বিচ্ছেদ আর একতা বিহীন,
পতনের অন্যতম কারণ কঠিন।
আছিল পল্লীতে এক মস্‌জিদ যথায়,
দলাদলি ফলে কত হইল তথায়।
জমাত্ ভাঙ্গিয়া যারা জমাত গড়ায়,
সমাজের শত্রু তারা জানিবে নিশ্চয়।
পামর পার্থির স্বার্থ সাধিবার তরে,
ইস্‌লাম উদ্দেশ্য ব্যর্থ করে অকাতরে।
কহিতে একথা মম হৃদয় কাঁদিল,
মস্‌জিদ কাড়িল কিন্তু সোম্বল্লী করিল।

হিংসা

হিংসানলে জর্জ্জরিত সমাজ শরীর,
কলহ ঝগড়া ছায়ে সমাজ অধীর।

দলাদলি ফলে ছিন্ন সমাজের অঙ্গ,
পর নিন্দা গ্লানি এবে সমাজ প্রসঙ্গ।

হালী اگــر یک جوانمــرد همــدرد اِنسان
کرے قــوم پر دل سے جاں اپنا قــربان
تو خــود قــوم اسپــر لگائیں یه بهتــان
که هے اسمیں کوئي غرض انکي پنهان

"যদি কোন হিতাকাঙ্ক্ষী সমাজ সেবক,
সমাজ উন্নতি কল্পে হয়ে উদ্বোধক।
তন্ময় হইয়া করে আত্ম সমর্পণ,
উন্নতির তরে যত্ন করে প্রাণপণ,
হিংসা পরবশ হয়ে হিংসুক যে জন,
সেবকের অপবাদ করয়ে রটন।"

হালী منه اپنا هــوگــر دین و دنیــا میں کالا
نه هــو ایک بهائی کا پــر بــول بالا

"হিংসুকের অপমান পদে পদে হয়,
বেহায়া হিংসুক তবু হিংসা না ছাড়য়।"
নিজে না করিয়া কভু সমাজের কাজ,
করিতে পরের গ্লানি নাহি পায় লাজ।
ধিক শতধিক হেন হিংসুক যে জন,
সমাজ কণ্টক তারা রাখিবে স্মরণ।
সেবক সুখ্যাতি তার সহে না পরাণে,
করিয়া বেড়ায় নিন্দা যেখানে সেখানে

سیدون نے قـــوم سودھـــارے
چغـل خـــورن نے کام بـگاڑے

সমাজের শত্রু তারা মিত্র কভু নয়,
অনর্থ কলহ তারা সমাজে ঘটায়।
সমাজ কণ্টক জ্ঞানে হেন হীন জনে,
পর্হেজ করিবে তারে ঘৃণার নয়নে।
সমাজে এমন লোক আছয়ে বিস্তর,
নামে বড় কাজে ছোট স্বভাব ইতর।
জমিদার, জোতদার, চৌধুরী, বিশ্বাস,
মৌলবী, মাওলানা, মুনশি নামেতে প্রকাশ,
সম্ভব তাহারা করে পাকা ঘরে বাস,
বাহিরে বেড়ায় ভাল করিয়া লেবাস,
হাবভাব, ছিমছামে, লেফাপা দুরস্ত,
বহু সেনা পারে...কেহ করিতে পরাস্ত।
বাক বাক্যে, আড়ম্বরে দাতা হাতেম তাই,
কাজের সময়ে কিন্তু তফাতে পলাই।
জাতীয় গৌরব রক্ষা করিবার তরে,
সামান্য মাসিক চাঁদা দিতে নাহি পারে।
"আপনারে ভাল বলে ভাল সেই নয়,
লোকে যারে ভাল বলে ভাল সেই হয়।"

আলেম মণ্ডলী — بہت لـوگ پیـرون کي اولاد بنکـــر
نہیں ذات الا میں کچھہ جنکے جوہـــر

کرشمین هین جا جا کے جھوٹے دیکھاتے
مریدون کو هین لوٹتے اور کھاتے
"সমাজে অনেক লোক পীর পুত্র সাজি,
গ্রামে গ্রামে ফিরে কত দেখাইয়া বাজি।
মোহিত করিয়া মূর্খ মুরিদান গণে,
ব্যাপৃত সতত থাকে অর্থের লুণ্ঠণে।"
সমাজে বেকার যত আলেমের দল,
বিভিন্ন ফাতুয়া দানে ঘটান কুন্দল।
ইস্‌লামের গুঢ়তত্ত্ব করি বিস্মরণ,
সামান্য বিষয়ে করে সময় ক্ষেপন।
দলাদলি মত ভেদে হয়ে নিমগন,
কলহ বিবাদ তাঁরা করে অকারণ।

یه هے عالمون کا همارا طریقه — হালী
یه هے هادیون کا همارا سلیقه

"এ হেন অবস্থা এবে নেতার মোদের,
অরেসে আম্বিয়া বলি খেতাব যাঁদের।"
সমাজের নেতা বলি যারা আখ্যায়িত,
সমাজ পতন জন্য তাঁরাই দোষিত।

مدارس وه تعلیم دین کے کہان هین — হালী
مراحل وه علم و یقین کے کہان هین

"কোথা সে মাদ্রাসা এবে শিক্ষার আলয়,
কোথা বা সে ধর্ম্মপ্রাণ আলেম নিচয়?"

স্মরিলে তাঁদের কথা ব্যথা মনে পাই।
হিংসা পরবশে তাঁরা বিবাদ ঘটায়।
পল্লীতে একটী ছিল মস্‌জিদ যথায়,
বিভিন্ন মস্‌জিদ আজি দেখিবে তথায়।
প্রত্যেকে প্রাধান্য নিজ রাখিতে বজায়,
কলহ ঝগড়া করে কথায় কথায়।
পাইবে এমন পল্লী অতীব বিরল,
আছয়ে মণ্ডল যথা একটী কেবল।

সম্পত্তি বণ্টন

সম্পত্তি বণ্টন প্রথা বিচ্ছেদ কারণ,
কলহ বিবাদ তাহে ঘটে অনুক্ষণ।
বংশ শ্রেষ্ঠ জনে করি সম্পত্তি অর্পণ,
আয় হ'তে বৃত্তি সবে করিবে গ্রহণ।
শাস্ত্র বিগর্হিত ব'লে হবে না চিন্তিত,
শাস্ত্রের মর্য্যাদা তাহে হইবে রক্ষিত।

বহুবিবাহ

একাধিক পত্নী প্রথা অতীব গর্হিত,
ঝগড়া কলহ তাহে হয় সংঘটিত।
পাশব প্রবৃত্তি তৃপ্তি করিবার তরে,
ভাসাবে না পরিবারে বিষাদ সাগরে।
একাধিক পত্নী নেকা করে যেই নরে,
অশান্তির সৃষ্টি করে আপনার ঘরে।

হালী

اگر ایک خوش دل تو گھر سارا خرم
اگر ایک غمگین تو دل سبکے پر نم

শতাধিক পত্নী ছিল প্রচলিত যথা,
চারি পত্নী প্রথা নবী প্রচারিল তথা।
অসভ্য আরব নীতি করিয়া সংহার,
সময়োপযোগী নীতি করিল প্রচার।
সুসভ্য জগতে কিম্বা সমাজে শিক্ষিত,
একাধিক পত্নী প্রথা অতীব ঘৃণিত।
অগত্যা অধিক পত্নী করিলে গ্রহণ,
অন্যায় না হয় শুন হাদিস বচন।

বাল্য বিবাহ

শৈশবে বিবাহ প্রথা অনর্থের মূল,
শৈশবে বিবাহ দিতে হ'বে না ব্যাকুল।
আরবে, মিশরে, কিম্বা তুরস্কে জাপানে,
নাহি হেন রীতিসুত, কাবুলে ইরাণে।
তেঁই এবে তারা সবে সবল সাহসী,
হয় না তাহারা তাই অলস বিলাসী।
তাই তারা দীর্ঘকাল থাকয়ে জীবিত,
অকালে করাল কালে হয় না পতিত।

মোস্লেম

সমাজের দশা শুনি পতন তাহার,
পাইনু হৃদয়ে মাতঃ যাতনা অপার।
উন্নতি উপায় এবে জিজ্ঞাসি তোমারে,
দয়া করি উপদেশ দেও গো আমারে।

ইসলাম

উন্নতি উপায়

ধর্ম্ম

খোদা ভক্তি খোদা ভক্তি হেন ধর্ম্ম রাখিবে স্মরণ,
তাঁর প্রতি ভক্তি যেন থাকে অনুক্ষণ।

لَا تَعْبُدُوْا اِلَّا اِيَّاهُ কোরাণ

"আল্লা ভিন্ন অন্য বস্তু উপাস্য তোমার,
না হয় জগতে, জ্ঞান আদেশ তাঁহার।"
কোরাণ হাদিস বাণী মানিয়া চলিবে,
উন্নতি আপনি আসি চরণ চুমিবে।
"কুন ফাইয়াকুন" শব্দে করিল সৃজন,
আকাশ, পাতাল, তারারাজী অগণন।

مَنْ قَالَ لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ نَدَخَلَ الْجَنَّةَ হাদিস

বলিবে যে মুখে হৃষ্টচিত্তে একবার,
'আল্লা ভিন্ন অন্য নাহি উপাস্য আমার।'
অবশ্য পাইবে সেই জিন্নতে মোকাম,
স্মরণ রাখিবে সবে হাদিস কালাম।
কর্ণহীন তরী আর ধর্ম্মহীন নর,
একই প্রকার তাহে নাহিক অন্তর।

رَأْسُ الْحِكْمَتِ مَخَافَتُ اللّٰهِ হাদিস

"শ্রেষ্ঠতম জ্ঞানী ভবে হয় সেই জন
খোদা ভীতি হৃদে যার জাগে অনুক্ষণ।"
একান্ত বাসনা যদি পাইতে নাজাত,
একমাত্র তাঁরি কাছে কর মোনাজাত।
অন্যবিধ পাপ পারে হইতে মার্জ্জন,
নাস্তিকতা মহাপাপ হবে না খণ্ডন।

هر که ترسد از حق و تقوی گزید — রুমী
ترسد از وی جن و انس و هر که دید

"যে জন খোদার ভয়ে সদা থাকে ভীত,
তাঁর ভয়ে জীন, পরি, মানব ত্রাসিত।"
শাস্তি অন্তে আস্তিকের হইবে নাজাত,
নাস্তিক যে জন কভু পাবে না নাজাত।
নিখিল জগৎব্যাপী সৃষ্ট বস্তু যত,
তাঁহারি মহিমা ঘোষে সবে অবিরত।

هیچ کس در ملک او اندازه نے — আত্তার
قول او را لحن نے او ازه نے

"তাঁর রাজ্যে কেহ নাহি অংশী অছে আর,
বিনা বাক্যে কার্য্য হয় সাধিত তাঁহার।"

هر انچه آفریدست بیننده را — নিজামী
نشان میدهد آفریننده را

সৃষ্ট বস্তু মাত্র ভবে, দৃশ্যে দর্শকের,
পরিচয় দিয়া থাকে তাঁহার রবের।

জ্ঞানীর নয়নে যথা অট্টালিকাচয়,
শিল্পীদের কৌশলের দেয় পরিচয়।
সেইরূপ সুশোভিত সংসার উদ্যানে,
বৃক্ষ লতা নদ নদী পর্ব্বত কাননে,
হেরিলে নয়নে ঐ সুদূর গগনে,
রবি শশী তারারাজি সজ্জিত যেখানে,
অন্যতম গুঢ় তত্ত্ব কারণ বিহীনে,
সৃষ্টিকর্ত্তা বিধাতার শক্তি পড়ে মনে।

انکه خرد آمد بخدائی سزاست
انکه خدا هست همین یک خواست

"আপনি আপন শক্তি করিয়া বিস্তার,
খোদা নামে আপনারে করিল প্রচার।
ধর্ম্ম ভীরু নরে ভবে সকলে আদরে,
ধর্ম্ম হীন নরে ভবে সবে ঘৃণা করে।
নিজ নিজ ধর্ম্ম লোকে ভাল বলি মানে,
আপন আপন মত শ্রেষ্ঠ বলি জানে।
স্বীয় ধর্ম্মে দৃঢ় মতি থাকিবে সতত,
ধর্ম্ম তত্ত্ব তর্কে কভু হইবে না রত।

دریں ورط کشتی فرو شد هزار — সাদী
که پیدا نشد تختهٔ برکنار

"সহস্র তরণী ধ্বংস ধর্ম্ম তর্ক নীরে,
একটী তকতা তার না মিলিল তারে।

অহিংসা পরম ধর্ম্ম, পর উপকার,
চরিত্র পবিত্র কর পাইবে উদ্ধার।
সৎ কর্ম্ম ফলে নর স্বরগ লভিবে,
পাপ কর্ম্ম ফলে নর নরক ভূগিবে।
এ নহে কেবল মাত্র বৌদ্ধ ধর্ম্ম তত্ত্ব,
কোরাণ হাদিস পড়ি পাবে এই তত্ত্ব।

রসুল — সুপথ ছাড়িয়া পাপে হয়ে নিমগন,
করয়ে মানব যবে কুপথ গমন।
মানব হিতার্থে প্রভু বিশ্ব নিরঞ্জন,
যুগে যুগে তত্ত্ববহ করেন প্রেরণ!
তাঁহাদের উপদেশ করিয়া স্মরণ,
সংসার করম ক্ষেত্রে কর বিচরণ।
শেষ নবী মহম্মদ (দঃ) করিয়া সৃজন,
নিজ প্রতিনিধি রূপে করিল প্রেরণ।

কোরাণ — অব্যর্থ কবচ বাক্য পবিত্র কোরাণ,
প্রেরিল করিতে সবে পথ প্রদর্শন।

কোরাণ — ذٰلِكَ الْكِتَابُ لَا رَيْبَ فِيهِ

নির্ভুল কেতাব ইহা করিবে প্রত্যয়,
অবিশ্বাসে হবে তব নরকে আলয়।

রূমী — کرچه قرآن از لب پیغمبراست
هر که گفت او حق نگفت او کافراست

হাদিস হজরতের মধুময় উপদেশ চয়,
সমাজে হাদিস নামে পরিচিত হয়।
হাদিসের উপদেশ শিরোধার্য্য করি,
সতর্কে চালাবে ভবে আপনার তরি!

শিক্ষা।

শিক্ষার অভাব পুনঃ পতন কারণ,
পড়রে কোরাণ পড় হাদিস বচন।

طَلَبُ الْعِلْمِ فَرِيْضَةٌ عَلٰى كُلِّ مُسْلِمٍ وَّ مُسْلِمَةٍ হাদিস

"আল্লার আদেশ সবে শিক্ষা কর লাভ,
মোস্লেম মোস্লেমা কেহ না রাখি অভাব।"
শিক্ষার অভাবে ভবে এ হেন দুর্গতি,
শিক্ষার অভাবে হবে নরকে বসতি।
শিক্ষার অভাবে তব অর্থ অনাটন,
শিক্ষার অভাবে তব হেন অপমান।
শিক্ষা বলে একদিন হয়ে বলিয়ান,
চরম উন্নতি লাভ কৈল মুসলমান।
ইংরেজ রাজার রাজ্যে শিক্ষার প্রভাবে,
সূর্য্য কভু অস্তমিত নাহি হয় ভবে।
বিদ্যার প্রভাবে আজি উন্নত জাপান,
বিদ্যার প্রভাবে আজ উন্নত জার্ম্মান।

বিদ্যাবলে হিন্দুজাতি লভিল উন্নতি,
বিদ্যার অভাবে তোর হইল দুর্গতি।
বিদ্যার প্রভাবে দেখ উন্নত মার্কিন,
বিদ্যার প্রভাবে খ্যাতি লভিলেক চীন।
নাহি হেন ধর্ম্ম সূত ভুবন ভিতর,
ইসলাম অপেক্ষা করে শিক্ষার আদর।
সেই ধর্ম্ম এবে হায়, অভাবে শিক্ষার,
উপেক্ষিত অনাদৃত ভারত মাঝার।

مَنْ يُؤْتَى الْحِكْمَةَ فَقَدْ يُؤْتَى خَيْرًا كَثِيرًا কোরাণ

"দিয়াছি তাহারে আমি বহু মূল্য ধন,
করেছি যাহারে আমি 'হেকমত অর্পন।

فَتَلَقَّى آدَمُ مِنْ رَبِّهِ كَلِمَاتٍ কোরাণ

"আদম আল্লার কাছে শিক্ষা কৈল লাভ,
লভিল যখন তিনি জনম দুর্লভ।"

مَنْ كَانَ فِي هٰذِهِ أَعْمٰى فَهُوَ فِي الْآخِرَةِ أَعْمٰى কোরাণ

"হায় ইহকালে জ্ঞান চক্ষু অন্ধ যার,
গভীর আঁধারে ঢাকা পরলোক তার।"

لَا يَذَّكَّرُ إِلَّا أُولُو الْأَلْبَابِ কোরাণ

"খোদারে স্মরণ করে পণ্ডিত সে জন,
অজ্ঞান যে জন তাঁর করে না স্মরণ।

لَيْسَ الْجَمَالُ بِاَثْوَابٍ تُزَيِّنُهَا — আলি

اِنَّ الْجَمَالَ جَمَالُ الْعِلْمِ وَالْاَدَبِ

"না হয় সুন্দর পরি সুন্দর ভূষণ,
না হয় সুন্দর হ'লে সুচারু আনন।
ধরিতে বাসনা যদি রূপ বিমোহন,
পর তবে ত্বরা করি সুশিক্ষা ভূষণ"

لَيْسَ الْيَتِيْمُ الَّذِىْ قَدْمَاتَ وَالِدُهٗ — আলি

اِنَّ الْيَتِيْمَ يَتِيْمُ الْعَقْلِ وَالْاَدَبِ

"পিতৃ মাতৃ হীন ব্যক্তি না হয় এতিম,
জ্ঞান, মান হীন ব্যক্তি প্রকৃত এতিম।"

اُطْلُبُ الْعِلْمَ وَلَوْكَانَ بِالصِّيْنِ — হাদিস

"শিক্ষা লাভ কর গিয়ে দেশ দেশান্তরে,
যদ্যপি সম্ভবে যাও চীনের প্রান্তরে।

فَقِّهْ بِعِلْمٍ وَّلَا تَبْغِىْ لَهٗ بَدَلًا — আলি

فَالنَّاسُ مَوْتٰى وَاَهْلُ الْعِلْمِ اَحْيَاءٌ

"শিক্ষা শিক্ষা রবে সবে হও উন্মাদিত,
শিক্ষা ভিন্ন অন্য বস্তু না হয় বাঞ্ছিত।
জগতে জীবিত মাত্র শিক্ষিত মানব,
অশিক্ষিত নর ভবে হয় সম শব।"

সাদী

بنی آدم از علم یابد کمال
نه از حشمت و جاه و مال و منال

"মানব পূর্ণতা লভে বিদ্যার প্রভাবে,
অর্থ, পদ, শৌর্য্যে তাহা কভু না সম্ভবে।"

সাদী

برو دامن علم گیر استوار
که علمت رساند بدارالقرار

"শিক্ষাঞ্চল ধর দৃঢ় মাঝারে ধরণী,
শিক্ষায় হইবে তব স্মরগ স্মরণী।"

সাদী

ترا علم در دین و دنیا تمام
که کار تو از علم گیرد تمام

"শিক্ষায় সহায় হবে ইহ পরকালে,
সফল হইবে বাঞ্ছা তব শিক্ষা ফলে।"

সাদী

سر انجام جاهل جهنم برد
که جاهل نکرد عاقبت کم برد

"শিক্ষা ভিন্ন মানবের হবেনা উদ্ধার,
শিক্ষাহীন ব্যক্তি নাহি হয় নেকগার।

بود مردہ ہرکس کہ نادان بود ۔ খোসরু

کہ بہ جاھلی مردن جان بود

"মৃত তুল্য হয় মূর্খ মানব মাঝার,
জীবন ধারণ চেয়ে মৃত্যু শ্রেয়ঃ তার।"

জ্ঞান জ্ঞানের প্রভাবে হয় ধর্ম্মের বিকাশ,
মুক্তি পথ শান্তি ছায়া জ্ঞানেতে প্রকাশ।
জ্ঞান-বল মানবের প্রধান সম্বল,
জ্ঞান হীন মানবের জীবন বিফল।

اُنہین کے لئے یاں ہے نعمت خدا کی হালী
اُنہین کے لئے واں ہے رحمت خدا کی

"ইহ কালে সুখ ভোগ ভাগ্যে বিদ্বানের,
পরকালে স্বর্গ লাভ হইবে তাঁদের।"

جس قوم مین اور دین مین ہو علم نہ دولت হালী
اُس قوم کی اور دین کی بانی پہ بنا ہے

"যে ধর্ম্মে, সমাজে নাহি আছে শিক্ষা ধন,
সে ধর্ম্ম, সমাজ বালু গৃহের মতন।"

জিজ্ঞাসিল কেহ কোন পণ্ডিত প্রবরে,
সর্ব্বশ্রেষ্ঠ কোন বস্তু সংসার মাঝারে।
কহিল, সংসারে জ্ঞান প্রধান পদার্থ,
লভিয়া তাহারে কর জীবন কৃতার্থ।

শুধাইল, তাহে যেই মানব-বঞ্চিত,
উত্তরিল, তবে হৌক বিদ্যার আশ্রিত।
জিজ্ঞাসিল, তাহে সেই মানব অক্ষম,
কহিল, জানিবে তারে মানব অধম।
পার্থিব বিভব মাত্র তাহার সম্বল
যদি নাহি থাকে তাহা মরণ মঙ্গল।

কবিতা। গ্রন্থ পাঠে হয় বাছা জ্ঞানের সঞ্চার,
সুগ্রন্থ পড়িতে তুমি থাকিবে তৎপর।
কবিগণ বিরচিত কবিতা কাননে,
বিচরণ কর সদা প্রফুল্ল আননে।
মন মত পুষ্প তথা করিয়া চয়ন,
আপন ভাণ্ডার তাহে করহ পূরণ।
আজীবন পরিশ্রমে লভেছে যে ধন,
স্বল্প কাল পাঠে হ'বে সে জ্ঞান অর্জ্জন।
বিপদ কালের বন্ধু হয় কবিগণ,
ব্যথিত মানব হৃদে শান্তি করে দান।
প্রস্তুত সর্ব্বদা থাকে দিতে উপদেশ,
যখন যে ভাব তুমি করিবে অন্বেষ।
শিক্ষাগুরু আমাদের গ্রন্থকারগণ,
বিরক্তি বিহীন বন্ধু সদা ফুল্ল মন।

সহচর বিপদে বাসনা যদি শান্তি পাইবার,
অন্বেষণ কর হেন প্রিয় সহচর।

হানফী, হাম্বেলী, শাফী মালেক প্রবর,
শিক্ষার প্রভাবে হ'ল জগতে অমর।
রূমী ও হাফেজ, সাদী, তাবরেজ, নিজামী,
খোসরু ও ফেরদৌসি, উর্ফি হালী আর জামী।
রচিয়া কবিতা মালা জ্ঞানের ভাণ্ডার,
স্থাপি রাজ্য নর হৃদে হইল অমর।
নীতি সম্বলিত গ্রন্থ সতত পড়িবে,
অপার আনন্দ তুমি তাহাতে পাইবে।
অতএব বলি শুন রে মূঢ় মোস্লেম,
উন্নতি উপায় দৃঢ় ধররে এলেম।
যাও বলি তাই সূত বন্দরে বন্দরে,
পল্লীতে পল্লীতে আর প্রান্তরে প্রান্তরে।
গ্রামে গ্রামে যাও বাছা নগরে নগরে,
যাও বাছা দ্বারে দ্বারে যাও ঘরে ঘরে।
হাটে ঘাটে মাঠে যাও সহরে বাজারে,
সমিতি প্রাঙ্গনে কিম্বা মস্‌জিদ মাঝারে।
ওক্তিয়া নামাজে কিম্বা মস্‌জিদে জুমার!
ইদের নামাজে কিম্বা ইজুজ্জোহার!
মৌলুদ মজলিসে কিম্বা বিবাহ সভায়,
শিক্ষা শিক্ষা রবে এবে জাগাও সবায়।
বৃদ্ধকে, বালকে কিম্বা যুবতী যুবকে,
শেখেতে সৈয়দে কিম্বা মোমিন কৃষকে।

মীর, মির্জা, কাজি, হাজি, মোগল, পাঠানে।
শিক্ষা শিক্ষা দীক্ষা দাও ধরি কানে কানে।
মাদ্রাসা, মক্তব করি স্থাপন বিস্তর,
জাতীয় শিক্ষার পথ করহ প্রসর !

কৃতজ্ঞতা করিয়া কামনা হিত আপন প্রজার,
আনিল বৃটিশরাজ ভারত মাঝার।
পাশ্চাত্য বিজ্ঞান, উচ্চ শিক্ষা, সুশাসন,
কৃতজ্ঞ থাকিবে সদা তাহার কারণ।
স্থাপিয়া সুনীতি, শান্তি ভারত ভিতরে,
উচ্চ আশা প্রনোদিল তোদের অন্তরে।
সদয় বৃটিশরাজ অগ্রাহ্য যতনে,
স্বতন্ত্র সাহায্য দ্বারা উৎসাহ প্রদানে,
সহজ সুযোগ শত করি নির্দ্ধারণ,
মোস্লেম শিক্ষার হেতু দিছে প্রলোভন।
মৌলবী মাওলানা ছাড়ি অন্য গবেষণা,
ধরুন সকলে এবে শিক্ষা আলোচনা।
সমাজ উন্নতি আর সমাজ শিক্ষার,
প্রধান প্রসঙ্গ হ'ক সমাজ নেতার।

ভাষা আরবী কোরাণ ভাষা অবশ্য পড়িবে,
ধর্ম্ম জ্ঞান জাতীয়তা তাহাতে পাইবে।
ইংরেজী রাজার ভাষা পড়িতে হইবে,
তবে সবে রাজকার্য্যে প্রবেশ লভিবে।

উর্দ্দু, পার্সী, বাঙ্গলা ভাষা করি অধ্যয়ন,
ব্যবসা বাণিজ্যে কর উন্নতি সাধন।
শিল্পাগার, বস্ত্রালয় করিয়া স্থাপন,
করহ স্বদেশী পণ্যে উৎসাহ প্রদান।

একতা

ত্যেজি সকলে এবে ঝগড়া কলহ,
একতা বন্ধনে দৃঢ় সমাজ বাঁধহ।
ভ্রাতৃভাব, সামানীতি, সমাজ ভূষণ,
সর্ব্ববাদী, শ্রেষ্ঠ নীতি রাখিবে স্মরণ।

لَا تَبْغُوْا سِرًّا فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ কোরাণ

"ফিরিবে না এ সংসারে করিয়া বিবাদ,
বরঞ্চ বিস্তারে চেষ্টা কর ভ্রাতৃভাব।"

مِثْلُ الْاَخَوَيْنِ مِثْلُ الْيَدَيْنِ হাদিস

"শান্তির বাসনা যদি মনেতে নেহাত,
থাক সবে ভ্রাতৃভাবে যেন দুই হাত।"

ইস্লাম জগৎ বাঁধা একতা বন্ধনে,
নাহি অন্য ধর্ম্ম রাখে এ হেন রতনে।
ফজর, জোহুর, এশা মগরব, আসর,
বিজ্ঞান, দর্শন গুপ্ত ইহার ভিতর।
বিভিন্ন প্রদেশে পড়ে নমাজ সবায়,
এক সময় আর একই প্রথায়।

রম্জান্ মাসেতে তুমি যাইবে যথায়,
রাখিতে মোস্লেমে রোজা দেখিবে তথায়।
সালাম আলেক আর আলেকুম সালাম,
সর্ব্বত্র একই ভাষা আরবী কালাম।

تـو برائے وصـل کـردن آمدی রুমী
نه بـرائے فصـل کـردن آمدی

"স্থাপিতে একতা এই বিশাল জগতে,
সৃজিল বিধাতা তোরে আপন ইচ্ছাতে।
বিচ্ছেদ ঘটাতে কিম্বা অশান্তি কারণ,
করে নাই বিশ্বপতি তোমারে সৃজন।"

اِذْ كُنْتُمْ اَعْـدَاءً فَاَلَّفَ بَيْـنَ قُلُوْبِكُـمْ কোরাণ

"ছিলি যবে পরস্পরে শত্রু ভাবাপন্ন,
মিত্রতা দানিল হৃদে হইয়া প্রসন্ন।"
তেয়াগ কলহ এবে আমিন, আমিন,
তেয়াগ কলহ এবে দাল্লিন, জাল্লিন।
নাভিপরে হাত রাখ অথবা সিনায়,
কিছু মাত্র ক্ষতি নাই শুন বলি তায়।
নবী শ্রেষ্ট মহাপ্রভু আরব তপণ।
উভয় প্রকার প্রথা কৈল প্রচলন।
এ সব বিষয় মাত্র দলাদলি জেদ,
মূল মন্ত্রে কিছু মাত্র নাহিক প্রভেদ।

হানফী, মালেকী, শাফী, অথবা হাম্বেলী,
সমাজ উন্নতি কল্পে কর মেলামেলি।
শিয়া সুন্নি মতানৈক্য, যাও এবে ভূলি,
উদার অন্তরে সবে কর কোলাকুলি।
শান্তি হীন দেশ, শান্তি বিহীন সমাজ,
না পারে করিতে ভবে কোন শুভকাজ।
দলাদলি মতভেদ অসংখ্য যাদের,
সংস্কার প্রয়োজন সে সব ধর্ম্মের।
যে ধর্ম্ম উৎকৃষ্ট বলি কোরাণে ঘোষিত,
সে ধর্ম্মে কলহ হিংসা অতীব গর্হিত।
گواہ میری نرمی کا قران ہے سارا হালী
خود والدین یسرء نبي نے پکارا
"কোরাণ আমার উদারতার প্রমাণ,
সহজ আমার দীন হাদিসে, বর্ণন।"
সূক্ষ্ম দৃষ্টে পড় যদি হাদিস কোরাণ,
ভেদাভেদ জ্ঞান তব হ'বে তিরোধান।

মোস্লেম

সৃষ্টি-তত্ত্ব বিধাতার মঙ্গল আকর,
বাঞ্ছিত না হয় তাঁর "জীবন সংহার"।
তবে কেন হেরি আজি পাশ্চাত্য প্রান্তরে,
লক্ষ লক্ষ্য প্রাণী ধ্বংস সমর সাগরে।

ঘটেনি জগতে কভু এ হেন ব্যাপার,
ইতিহাসে নাহি আছে তুলনা যাহার।

ইসলাম

হিতোপদেশ।

সৃষ্টি-তত্ত্ব

সৃষ্টি রঙ্গ ভূমে যাহা জগত বিধাতা,
নিয়ত বিকাশে স্বীয় অসীম ক্ষমতা।
রবি, শশী, তারা রাজি, যত গ্রহগণ,
পর্ব্বত, বারিধি বন, অনল, পবন,
তাঁহারি মহিমা ঘোষে সবে অনুক্ষণ।
মানব শকতি কিম্বা দেব দৈত্যগণ,
অক্ষম নিয়ম তাঁর করিতে লঙ্ঘন।
প্রকৃতির গুঢ় তত্ত্ব, দুর্গম জটীল,
কেমনে বুঝিবে সেই রহস্য কুটীল।
অস্থায়ী জগতে মাত্র ক্রীড়নক নর,
মহৎ উদ্দেশ্য বল কে বুঝিবে তাঁর।
উত্থান, পতন আর জনম মরণ,
সৃষ্টি, ধ্বংস,ক্রীড়া মাত্র তাঁহার সদন।
তৃণ যথা ভেসে যায় সাগরের দ্বিকে,
মানব সেরূপ যায় মরণের দিকে।
কার্য্য মাত্র এ ভবের বিধাতা বাঞ্ছিত,
কারণ বিহীন কার্য্য হয় না সাধিত।

نظامی مهندس بسے جوید از راز شان
نداند که چون کردي آغاز شان

নিজামী

"বহু চিন্তা চেষ্টা ফলে তত্ত্ববিদগণ,
অক্ষম করিতে সৃষ্টি-তত্ত্ব উদঘাটন।"

ধর্ম্ম-তত্ত্ব

সর্ব্ব জীবে বিরাজিত প্রভূ পারাবার,
মানব হৃদয় হয় আসন তাঁহার।
খোদার প্রকৃত ভক্ত তত্ত্ববিদগণ,
স্থানে স্থানে ধর্ম্ম তব করেছে বর্ণন।

اَلْخَلْقُ عِيَالُ اللّٰهِ فَاَحَبُّ الْخَلْقِ اِلَى اللّٰهِ مَنْ اَحْسَنَ اِلٰى عِيَالِهٖ

হাদিস

বিশ্ব-প্রেম

প্রকৃতির জীব জন্তু, ক্ষুদ্র, বৃহত্তর,
সন্তান সন্ততি তারা জগৎ পিতার।
সৃষ্ট জীবে করে যেই দয়া প্রদর্শন,
খোদার নিকটে সেই অতি প্রিয়জন।"
একটী সৃজিত জীব সংহারে যে জন,
বিধাতার কোপানলে পড়ে সেই জন।

یہی ہے عبادت یہی دین و ایمان
کہ کام آوی دنیا مین انسان کے انسان

হালী

দয়া

"শ্রেষ্ঠ পুণ্য সেই কার্য্য সংসার মাঝার,
যে কার্য্যে সাধিত হয় পর উপকার।"

حالی خدا رحم کرتا نہیں اُس بشر پر
نہ ہو درد کی چوٹ جسکی جگر پر

"না হয় সদয় যেবা বিপন্নের প্রতি,
বিমুখ তাহার প্রতি জগতের পতি।"

لَا يَرْحَمُ اللّٰهُ مَنْ لَّا يَرْحَمُ النَّاسَ হাদিস

"যে জন করে না দয়া মানবের প্রতি,
করে না তাহারে দয়া জগতের পতি।"

নিরাশ্রয়া অনাথিণী বিধবা রমণী,
নীরবে কাঁদিছে কত দিবস রজনী,
মুক্ত হস্তে তত্ত্ব তার লইবে বাছনি,
উন্মুক্ত হইবে তাহে স্বরগ স্মরণী।

دل بدست آور کہ حج اکبر است রুমী
گو نمازِ صد ہزاران بہتر است

"করিলে বিপদ কোন নরের উদ্ধার,
সমতুল্য নহে তার হজ্জ শতবার!
পড়িলে নমাজ কেহ শতেক হাজার,
কভু না হইতে পারে সমতুল্য তার।"

خواہی کہ ترا رتبت اسرار رسد উমর খৈয়াম.
میسند کہ کس راز تو آزار رسد

"জানিতে বাসনা যদি তত্ত্ব বিধাতার;
তোমা হ'তে যেন ক্ষতি না হয় কাহার।"

শুন তবে প্রভু বাণী একাগ্র মানসে,
পরম ধরম তত্ত্ব কি তাঁর সকাশে।

من نکردم خلق تا سودی کنم رুমী
بلکه تا بر بندگان جودی کنم

"করিনি প্রকৃতি সৃষ্টি স্বার্থ সিদ্ধি তরে,
বরঞ্চ বর্ষিতে কৃপা জীব জন্তু পরে।

من بیرون را ننگیریم و قال را رুমী
من درون را بنگیریم و حال را

"বাহ্য দৃশ্য অভিপ্রেত নহেত আমার,
মম তীক্ষ্ণ লক্ষ্য নিত্য মানব অন্তর।"

انکه گفت انی مرضت لم تعد رুমী
من شدم رنجور او تنها نه شد

"রোগী সহ আমি রোগী জানিবে নিশ্চয়,
করিলে রোগীর সেবা; সেবা মম হয়।"

گفت پیغمبر که حق فرموده است رুমী
قصد من از خلق احسان بوده است

"আদিষ্ট হইল নবী দিতে উপদেশ,
প্রচার জগতে মম নিগূঢ় আদেশ।
ভক্তি রস উপজিলে হৃদে মানবের ;
প্রতিদান আমি মনে গণি সে ভক্তের।"
প্রাণীহত্যা মহাপাপ বিধির বিধান,
বিরত তাহাতে সদা থাকিবে ধীমান।

সকল প্রকার পাপ হইবে মোচন,
নরহত্যা মহাপাপ হবে না খণ্ডন।
ইহকালে পরকালে খুনীর দুর্গতি,
নিকৃষ্ট নরকে হবে তাহার বসতি।
যেহেতু জীবের জীবে বিধি বিরাজিত,
স্বয়ং অহং রূপে তিনি বিকশিত।

اَلرُّوْحُ مِنْ اَمْرِ رَبِّی কোরাণ

পরমাত্মা "পরমাত্মা হয় মাত্র আল্লার আদেশ,"
কোরাণে সে মহা প্রভু করিলা নির্দ্দেশ।
সাধু শ্রেষ্ঠ মহামতি মন্সুর হাল্লাক ;
জীবন অর্পণ কৈলা বলি "আনাল হাক"।

دار منصور از کجا و نعرهٔ منصور از کجا
خود زدی بانگِ اناالحق برسرِ دار آمدی

স্বীয় হৃদি মাঝে হেরি রূপ বিমোহন,
ভক্তি ভরে 'আনাল্ হক' কৈল উচ্চারণ।"
তাপসপ্রবর রুমী, কবিচূড়ামণি
প্রেম মদে মত্ত হয়ে, উচ্চারিল ধ্বনি,"

لَا اِلٰهَ اِلَّا اَنَا

"লাএলাহা ইল্লা আনা।"
অতি গুঢ় তত্ত্ব সূফী করিল ঘোষণা,
প্রকাশ্যে বলিল 'লায়েলাহা ইল্লা আনা।'

گفت پیغمبر که حق فرموده‌است রুমী
من نگنجم هیچ در بالا و پست
"আদিষ্ট হইল নবী করিতে প্রচার,
আকাশ পাতাল নহে আমার আধার"

در دل مؤمن بگنجم ای عجب রুমী
گر بخواهی اندرآن دلها طلب
"বিচিত্র, মোমেন হৃদে আমি বিরাজিত ;
যদ্যপি তল্লাস তথা পাইবে নিশ্চিত।"
একদা জনেক ওলি, অন্তরে উল্লাস,
মনের আবেগে তিনি করিল প্রকাশ।

نیست اندر جبرام الا خدا রুমী
چند جوئی در زمین و در سما
"কেন খোজ তাঁরে তুমি আকাশে, পাতালে ;
রয়েছে নিহিত তিনি আমার আঁচলে।"

چشم نیکو بازکن در من نگر
تا تو بینی نور حق اندر بشر
"জ্ঞান চক্ষু খুলি হের আমার অন্তরে,
দেখিবে খোদার নূর মানব মাঝারে।"

هو الاول هو الاخر هو الظاهر هو الباطن তারেক্কী
بجز یاه و یا من هو دیگر چیزے نمیدانم
"আদি তিনি অন্ত তিনি অন্তরে বাহিরে তিনি,
তিনি ভিন্ন আমি অন্য কাহারে না চিনি।'

জামী نظر کردم اندر دل خویش تن
درین جاش دیدم دیگر جانبود

"না পাইনু তাঁরে কভু স্থান স্থানান্তরে,
পাইনু তাঁহারে আমি আমার অন্তরে।"
"বিশ্বাসে মিলয়ে বস্তু তর্কে বহু দূর,"
বুঝে এই গূঢ় তত্ত্ব যে জন চতুর।

বিশ্বাস

হজরত রশুল নবী সঙ্গে বু বাকার ;
লুক্কাইত জরে সুর শৈলের ভিতর ;
জিজ্ঞাসিল বু-বাকার, ত্রাসিত অন্তরে,
'আমরা দুজন মাত্র আছি এ গহ্বরে।'
শান্তনিল মহাপ্রভু, শান্তিনিকেতন,
'নহে মোরা দুই জন আছি তিন জন'।
আরবের মরুভূমে বালুকা প্রান্তরে,
ধাবিত মদিনা মুখে সভয় অন্তরে,
সোরাকা বরছা যবে কৈল উত্তোলন,
হজরতে সিদ্দিক সহ করিতে হনন,
ত্রাসিত হইয়া পুনঃ কহিল সিদ্দিক,
'মাত্র দুইজন মোরা কাফের অধিক,'
কেমনে করিব মোরা আত্মসংরক্ষণ,
অসভ্য কাফের কুল ঘেরিবে যখন .'
আশ্বাসিল তাঁরে নবী, নির্ভয় হৃদয়,
বলিল, 'আমার খোদা আছে যে সহায়।'

নিগূঢ় বিশ্বাস যার খোদার উপর ;
আসন্ন বিপদে তারে করয়ে উদ্ধার।
বিশ্বাসে নির্ভর করি নূহ পয়গম্বর ;
ভীষণ প্লাবন হ'তে পাইল নিস্তার।
ইমান সুদৃঢ় রাখি হজরত উনাস
তিমির উদর হ'তে পাইল বিকাশ।
ইব্রাহিম পয়গম্বর বলেতে ইমান,
অগ্নিকুণ্ড হ'তে নবী পেল পরিত্রাণ।
হজরত মসিহা নবী আলাহেস্বালাম,
ইমানের বলে সেও পেল পরিত্রাণ।

মনস্তত্ত্ব যোগিগণ বিবর্ণিত গূঢ় তত্ত্বচয়,
পড়িয়া হৃদয়ে যদি ইচ্ছা উপজয়,
হইতে তাঁদের ন্যায় জ্ঞানী মহাজন,
সংসার বন্ধন তবে করহ ছেদন।
স্বতঃ রজঃ তমঃ এই তিন গুণ হ'তে,
সতত মনেরে নিজ রাখিবে তফাতে।
ইন্দ্রিয় দমন কার্য্যে থাক সদা রত.
সুখ ভোগ লিপ্সা হ'তে থাকিবে বিরত।
কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য্য,
ষষ্ট রিপু শত্রু তব, নাহিক আশ্চর্য্য।
নারীসঙ্গ, ধনরত্ন, বিদ্যার গৌরব ;
দয়া, মায়া, স্নেহ আদি পার্থিব বিভব,,

আছে যত উপসর্গ সংসারবন্ধন,
বিচ্ছিন্ন করিতে সবে হও যত্নবান।
সর্ব্বদা সজাগ হৃদে রাখিবে খোদারে,
খোদা ভিন্ন অন্য চিন্তা না পশে অন্তরে।
মানস সংযম চেষ্টা সতত করিবে,
পরমাত্মা সূক্ষ্ম গতি তাহাতে জন্মিবে।
সূক্ষ্মতম মন স্তরে পেলে অধিকার,
জন্মিবে হৃদয়ে শক্তি, তত্ত্ব জানিবার।
প্রবৃত্তি নিচয়ে সদা রাখিবে সংযত ;
অবশ্য আল্লার নূর হইবে জাগত।
তাহলে পাইবে হৃদে আল্লার দর্শন,
আল্লাহও আত্মার তাহে হইবে মিলন।
পরমাত্মা হ'তে আত্মা সমূহ সৃজিত ;
ইহাই প্রকৃত তত্ত্ব জানিবে নিশ্চিত।
আমি তুমি ভেদ বাক্য হ'লে বিদূরিত,
'লায়েলাহা ইল্লা আনা', হয় উচ্চারিত।
মানবের মন যথা সেতারের তার,
ছুইলে একটী অন্য বাজে অনিবার।

সাধনা

সাধনা বিহনে সিদ্ধি হয় না কখন,
ভুলিবে না কভু এই সাধুর বচন।
মোরাকেবা, মোশাহেদা কঠোর বিধান,
পীরের আদেশ সদা করিবে পালন।

গুরুভক্তি বিনে বাছা কিছু নাহি হয় ;
গুরুমন্ত্র সদা যেন তব মনে রয়।

স্বাস্থ্য

প্রথম কর্ত্তব্য তব স্বাস্থ্যরক্ষা সার ;
যে হেতু শরীর হয় আত্মার আধার।
দয়া, মায়া, ভক্তি, প্রেম, উৎসাহ, উদ্যম,
শারীরিক শক্তি শান্তি, মানসিক শ্রম,
সকলি নির্ভর করে স্বাস্থ্যের উপর,
স্বাস্থ্যহীন হ'লে দেহ, সংসার অসার।
স্বাস্থ্য রক্ষা তরে কর বিশেষ যতন,
স্বাস্থ্য ক্ষতিকর কার্য্য কৈরনা কখন।
খাদ্যাখাদ্য প্রতি লক্ষ্য অতি প্রয়োজন,
প্রাকৃতিক প্রথা কভু ক'র না লঙ্ঘন।
'রীতিমত শ্রমকর ক্ষুধা হ'লে খাও,
নিশির প্রথম ভাগে শুয়ে নিদ্রা যাও,
প্রভাতে উঠিয়া কর মুখ প্রক্ষালন,
ধনী, জ্ঞানী, সুস্থ, সুখী হইবে বাছন।'
পবিত্র কোরাণে দেখ প্রভু জগতের ;
ভূয়সী প্রশংসা কৈল মানব দেহের।

لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِىْ اَحْسَنِ تَقْوِيْمٍ কোরাণ

"সৃজিনু মানবে আমি মনের মতন,
সাজাইনু তাহারে দিয়া অতি সুগঠন।"

اَلْاِنْسَانُ سِرِّیْ وَاَنَا سِرُّہٗ হাদিস

"মানব আমার তত্ত্ব ; আমি তত্ত্ব তার ;
সে তত্ত্ব বুঝিতে কারো নাহি অধিকার।"

উদারতা

উদারতা, ভ্রাতৃভাব, জাতীয় জীবন,
উন্নতির অন্যতম প্রধান কারণ।
ইস্‌লাম কহে না কভু কাহারে ঘৃণিতে ;
বিজাতি বিধর্ম্মী বলি কাহারে নিন্দিতে।
কোরাণ হাদিস সাক্ষ্য দিতেছে তাহার ;
পড় যদি তাহে তুমি মানসে উদার।

شریعت کے احکام تیے وہ گوارا হালী
کہ شیدا تیے انپہ یہود اور نصارا

"শরিয়ত বর্ণিত নীতি এতই সুন্দর,
ইহুদ, নাসারা করে প্রশংসা তাহার।"

اگر بھول تے ھم نہ قول پیمبر হালী
کہ ھین سب مسلمان باھم برادر

"যদি তুমি নাহি ভুল নবীর বচন,
মুসলমান মাত্র হয় ভায়ের সমান।"

সমাজ স্বজাতি প্রেম হৃদয়ে জাগুক,
অকাতরে স্বার্থ ত্যাগ সকলে করুক।
দ্বেষ, হিংসা, দলাদলি দিয়া বিসর্জ্জন,
করহ সকলে এবে প্রেম আলিঙ্গন।

সমাজ উন্নতি হেতু জাতীয় উদ্ধার,
আত্মবলী, স্বার্থত্যাগ, করহ স্বীকার।
নবী উপদেশ বাণী স্মরি অবিরত,
ভীষণ পরীক্ষা ক্ষেত্রে চলিবে সতত।

سمجھتے تھے ذمی و مسلم کو یکسان হালী
نہ تھا عبد و حر میں طفارت نمایاں

"স্বধর্ম্মী, বিধর্ম্মী মধ্যে নাহি ছিল ভেদ,
প্রভু, ভৃত্য মধ্যে নাহি রাখিল প্রভেদ।

کر مہربانی تم اہل زمین پر হালী
خدا مہربان ہوگا عرش برین پر

"সাধিলে মানব হিত মেদিনী মাঝার,
পাইবে করুণা তুমি বিশ্ব বিধাতার।"
ব্যথিত যে কার্য্যে তব প্রতিবেশীগণ,
সে কার্য্যে বিরত সদা থাকিবে বাছন।
মহাপাপ হয় কারো কষ্ট দিলে মনে,
নিষিদ্ধ হয়েছে তাহা হাদিসে কোরাণে।

চরিত্র

চরিত্র পরম রত্ন মানব জীবনে,
করিবে সতত যত্ন চরিত্র গঠনে।
পবিত্র চরিত্র নরে সকলে আদরে,
চরিত্রবিহীন নরে সবে ঘৃণা করে।

সৌজন্য গুণেতে যারা হয় অলঙ্কৃত,
মানব সমাজে তারা হয় সমাদৃত।
চরিত্র ভুষণে যারা হয় বিভূষিত,
সকল সময়ে তারা হয় সম্মানিত।
অলঙ্কারে হয় যথা রমণী সজ্জিত,
চরিত্র ভূষণে তথা মানব ভূষিত।
থাকিলে একটী ছিদ্র তরণী তলায় ;
সমগ্র তরণী যথা জলমগ্ন হয়,
তেমতি স্বভাব দোষ থাকিলে একটী,
মানব জীবন তাহে হয়ে যায় মাটী।

ادب بہتر از گنج قارون بود — রুমী
فزونتر ز گنج فریدون بود

'ফেরেদু বা কারুনের অর্থ অপেক্ষায় ;
সুচরিত্র শতধিক বাঞ্ছিত ধরায়।"
নৈতিক স্বভাব বাছা পরম পদার্থ,
ঐশ্বর্য্য, সৌন্দর্য্য, শক্তি, স্বার্থ কিম্বা অর্থ,
উচ্চ শিক্ষা, বংশ গর্ব্ব না হয় তুলিত ;
সকলি তাহার কাছে হয় পরাজিত।
ন্যায়, নিষ্ঠা, সুবিচার, স্বভাবের অঙ্গ,
প্রতিজ্ঞা করিয়া কেহ করিবে না ভঙ্গ।
নিষ্ঠাবান নরে ভবে সবে ভয় করে,
অবনত শিরে তারে সম্ভাষে আদরে।

নদ, নদী, তৃণ, লতা, পর্ব্বত কানন,
সানন্দে সম্ভোগে যথা সূর্য্যের কিরণ।
তেমতি নৈতিক শক্তি প্রভাব বিস্তার,
সতত করিয়া থাকে সমাজ মাঝার।

বিনয় অমায়িক ব্যবহার সহাস্য অধর ;
মানব স্বভাবে তাহা অতি মনোহর।
বিনয় অমূল্য নিধি ভুলিবে না কভু ;
ধনী কি নির্ধন আর দাস কিম্বা প্রভু।

عجز كار اوليا و انبا است — রুমী
عاجزي مقبول درگاه خداست

"বিনয় স্বভাব হয় অলিয়াগণের ;
বিনয়েতে বশীভূত প্রভু জগতের।"

تواضع كند هوشمند گذين — সাদী
نهد شاخ پر ميوه سر بر زمين

"জ্ঞানীগণ হয় সদা বিনয়ী সুধীর ;
ফলভরে বৃক্ষ যথা অবনত শির।"

اے برادر گر فرو داري تمام — আক্তার
نرم و شرين گوئي با مردم كلام

"হে ভ্রাতঃ যদ্যপি তুমি হও বুদ্ধিমান,
মিষ্টালাপে সদা সবে তুষিবে ধীমান।"

সদালাপ যদি বাছা হ'তে চাও তুমি প্রিয়জন,
মিষ্টভাষে লোকসঙ্গে কর আলাপন।
কিন্তু বাছা সাবধান করি বার বার ;
কপট বিনয় যেন না হয় তোমার।
সংসারে আপন স্বার্থ তরে সাধিবার,
হবে না কখন রিয়াকার, চাটুকার।
কুটিলতা, কপটতা, শঠতা তোমার ;
অবশ্য একদা হবে ব্যক্ত চরাচর।
عنا سوی علم و ادب تافتن রুমী
که نام نکو از ادب یافتن
"সুখ্যাতি লভিতে যদি বাসনা তোমার,
সুশিক্ষা, স্বভাব লাভে হও অগ্রসর।"
সদালাপে বশীভূত হয় শত্রুগণ,
অসাধু বচনে বৈরী হয় মিত্রগণ।
قُولُوا لِلنَّاسِ حُسْنًا কোরাণ
বলিবে লোকের সঙ্গে সদা মিষ্ট কথা,
বল না সেকথা যাতে মনে পায় ব্যথা।"
হজরত নবীর কথা, আচার ব্যভার ;
সদালাপ শিষ্টাচার ছিল চমৎকার।
হইলে কাফের নীত সম্মুখে তাঁহার,
সর্ব্বাঙ্গ প্রণত হয়ে দিত নমস্কার।

মোহিত হইয়া তাঁর গুণে অগণিন,
যাদুকর, আখ্যা তাঁরে করিল অর্পণ।

হাদিস لَيْسَ شَيْءٌ اَثْقَلَ فِى الْمِيْزَانِ مِنَ الْخُلُقِ الْحَسَنِ

"হয় না মিজানে কোন বস্তু গুরুতর,
পবিত্র চরিত্র যথা হয় সমাদর।"

كَلِمَةٌ حِكْمَةٌ مِنْ سَفِيْهٍ فَاقْبَلُوْهَا

كَلِمَةٌ سَفِيْهَةٌ مِنْ حَكِيْمٍ فَاغْفِرُوْهَا

"নগন্য ব্যক্তির বাক্য হ'লে মূল্যবান,
সাদরে তাহারে তুমি করিবে গ্রহণ।
পণ্ডিত ব্যক্তির বাক্য হ'লে কুবচন,
ঘৃণাভরে তারে তুমি করিবে বর্জ্জন।"

সত্যবাদীত্ব সত্যই জগতে মাত্র পরম পদার্থ;
সদাই কহিবে সত্য হইয়ে নিঃস্বার্থ।
মিথ্যাবাদী মানবের মুল্য কিছু নাই;
নরকে বসতি তার হইবে নিশ্চয়।
ন্যায়নিষ্ঠা বলে হয় আত্মার উন্নতি;
নিষ্ঠাহীন মানবের হবে না মুকতি।

লজ্জা নির্লজ্জ মানব হয় পশুর সমান,
লজ্জা হীন ব্যক্তি কভু না পায় সম্মান।

হাদিস — اَلْحَيَـــاءُ نِظَامُ الْاِيْمَـــانِ

"লজ্জাহীন নরে ভবে সবে ঘৃণা করে,
লজ্জাহীন নরে কেহ বিশ্বাস না করে।"

لَا اِيْمَانَ لِمَـنْ لَّا اَمَانَةَ لَهٗ

ক্ষমা — ক্ষমা গুণে সদা তুমি হবে বিভূষিত ;
প্রতিশোধ বাঞ্ছা হৃদে না হয় উদিত।
প্রতিহিংসা প্রণোদিত হইয়া কখন,
অহিত কাহার তুমি ক'র না সাধন।
ক্ষমা গুণে পরিপূর্ণ বিভূ পারাবার,
অপরে ক্ষমিলে তুমি পাইবে উদ্ধার।
হিংসুকের মনে কভু শান্তি নাহি রয়,
যেহেতু পরের ক্ষতি সর্ব্বদা চিন্তয়।

সাদী — کـرم بیـن و لطف خـداوندگار
گنـه بنـده کردست او شرمسار

স্বার্থপর সংসারেতে হয় যেই নর।
কখনো সাধেনা সেই পর উপকার।

সৎসঙ্গ — রুমী — صحبت صالح ترا صالح کند
صحبت طالع ترا طالع کند

'সাধুজন সহবাসে হবে তুমি সৎ।
অসাধুর সঙ্গে বসি হইবে অসৎ।'*

'সৎসঙ্গে বসিবে যেবা খাবে গুঁয়াপান,
কুসঙ্গে বসিবে যেবা কাটাবে দুকান।'
অসতের সঙ্গে হ'তে করিবে প্রয়াণ.
ধনু হ'তে তীর যথা করে পলায়ন।

গোলাপ একদা সুকবি সাদী যবে স্নানাগারে,
কোন এক বন্ধুবর অর্পিল তাঁহারে,
সুবাসিত ভূমিখণ্ড, সৌরভে যাহার,
পুলকিত করেছিল হৃদয় তাঁহার।
জিজ্ঞাসিল তারে সাদী, হে নীরস ভূমি,
নহত কস্তুরী কিম্বা মৃগনাভি তুমি,
বল তবে কোথা হতে পেলে এ গৌরব,
মনমুগ্ধকর গুণ এহেন সৌরভ।
উত্তরিল তাহে ভূমি, আমিত নগণ্য,
পাইয়া গোলাপ সঙ্গ হইলাম ধন্য।
সহবাসে থেকে তার হইনু বরেণ্য,
নতুবা আমি ত সেই মৃত্তিকা সামান্য।
দাকি নুস নামে রাজা ধরিয়া সবারে ;
সজোরে মুরতি পূজা করাত প্রজারে।
সেই ভয়ে ভীত হয়ে কতক যুবকে,
লুকাইল গিয়া সবে কাহাফ খন্দকে।
একটী কুকুর থাকি সঙ্গে তাহাদের;
জ্ঞানি লাভ করেছিল তুল্য মানবের।

বাসনা তোমার যদি জ্ঞানী হইবার,
সাধু সঙ্গে সদা সুখে করিবে বিহার।

كُونُوا مَعَ الصَّابِرِينَ — কোরাণ

সবুরী — বিপদে ধৈরয ধরা মহতের গুণ,
বিপদে বিহ্বল হয় যেজন নির্গুণ।

صبر بهتر مرد را از هر چه هست — রুমী
تا بیاید بر مراد خویش رست

"সবুরী মহৎ গুণ মানব স্বভাবে,
সবুরীর ফলে নর সফলতা লভে।"

صبر تلخ آمد ولیکن عاقبت
میوهٔ شیرین دهد پر منفعت

ঐশ্বর্য্য ও দানশীলতা — ঐশ্বর্য্য সম্পদ ভবে মহৎ পদার্থ,
ঐশ্বর্য্য বিহীন নর হয় অপদার্থ।
সদয় যাহার প্রতি বিশ্ব অধিপতি,
ভাগ্য বলে সেই হয় ভবে ধনপতি।

مال را کز بهر دین باشی حمول
نعم مال صالح گفت ان رسول

অর্থ বলে হয় বাছা পর উপকার,
যাহা হ'তে নেকি নাহি আছে উচ্চতর।

خداوند نعمت بخلق مشتغل — সাদী
پراگنده روزی پراگنده دل

"অর্থশালী ইহকালে হয় যেই জন,
হিতকর কার্য্য পারে করিতে সাধন।
অর্থহীন ব্যক্তি যেবা হয় এ সংসারে,
সমস্ত জীবন কাটে মনের বিকারে।"
ধনিজন মন, সদা শান্তি নিকেতন,
হিতকর কার্য্যে যদি অর্থ করে দান।

چیت دنیا از خدا غافل بودن
نی قماش و نقره و فرزند و زن

অর্থ বিনে কোন কার্য্য হয় না সাধিত
অর্থ বিনে কোন আশা হয় না পূরিত।
অর্থবলে হয় ভবে অসাধ্য সাধন,
বেশ ভূষা পরি, ধরে মুরতি মোহন।
ঐশ্বর্য্য সম্পন্ন নরে সকলে আদরে;
ঐশ্বর্য্য বিহীন নরে সবে অনাদরে।
মহাপাপ যদ্যপি করয়ে ধনবান
তথাপি সকলে তারে করয়ে সম্মান।
অভাবে বিনষ্ট করে মানব স্বভাব,
ঔদার্য্য বিস্তার করে ঐশ্বর্য্য প্রভাব।
ধনিজন বাক্য গণ্য হয় মিষ্ট বাণী,
দরিদ্র ব্যক্তির বাক্য লাগে পানি পানি।
দরিদ্র ব্যক্তিকে কেহ করে না বিশ্বাস,
দরিদ্র হইলে লোকে করে অবিশ্বাস।

জগতে দরিদ্র হয় ভাগ্যহীন গণ,
অন্ন চিন্তা হেতু সদা রহে ক্ষুণ্ণ মন।
জিজ্ঞাসিল কেহ কারে 'সংসারটা, কার,
উত্তরিল তাহে তিনি 'সংসারটাকার।
যদি কার এ সংসারে না থাকে সম্বল,
জীবন হইতে তার মরণ মঙ্গল।
আদিনা, কর্ডোভা, আর মম তাজমহল,
ঐশ্বর্য্য মহিমা ঘোষে ভিক্টোরিয়া হল।
মিসরের পিরামিড়, চীনের প্রাচীর,
বিভব গৌরব তারা ঘোষিছে ধনীর।

شکر نعمت نعمتش افزون کند — রুমী
کفر نعمت نعمتت بیرون کند

"বিভু দত্ত অর্থ যেবা করে বিতরণ,
পর উপকার যেবা করয়ে সাধন,
সদয় তাহার প্রতি প্রভু নিরঞ্জন,
দ্বিগুণ প্রদান তারে করে ধন জন।"
জাকাত প্রদান হেতু অর্থ আছে যার,
কোরাণে তাকিদ তার কৈল বার বার।

আব দর কشتی هلاک کشتی است — রুমী
آب در بیرون کشتی پشتی است
چونکه مال و ملک را از دل براند
زان سلیمان خویش را مسکین بخواند

কৃপণতা খোদা দত্ত অর্থ যারা নাহি করে দান,
খোদার গজবে তারা রহে অনুক্ষণ।

سختیان ز اموال بر میخورند — সাদী
بخیلان غم سیم و زر میخورند

"স্বর্গ সুখ পায় মনে দাতা যেই জন,
অশান্তি সাগরে মগ্ন কৃপণ যে জন।
লভয়ে সুখ্যাতি দাতা ভূবন ভিতরে,
ঘৃণা চক্ষে কৃপণের নাম নাহি করে।"

بخیل اربود زاهد بهر و بر — সাদী
بهشتی نباشد بحکم خبر

"কৃপণ যদিচ হয় ধার্ম্মিক প্রবর,
তথাপি বেহেস্তে স্থান হবে না তাহার।"

توانگری بدل ست نه بمال — সাদী
بزرگی بعقل است نه بسال

"ঔদার্য্য অর্থের প্রতি না করে নির্ভর,
ঔদার্য্য নির্ভর করে মনের উপর।
মহত্ত্ব নির্ভর করে গুণাবলী প্রতি,
না করে নির্ভর তাহা বয়সের প্রতি"
শুন বাছা বলি তবে হাদিস বচন,
বেহেস্ত না পাবে কভু কৃপণ যে জন।

করয়ে অসৎ কার্য্যে ব্যয় যেই জন,
অপাত্রে প্রদান করে অর্থ যেই জন,
খোদার নিকটে হয়ে বিরাগ ভাজন,
জগতে ভুগিয়া থাকে অর্থ অনাটন।
বিভু দত্ত অর্থ যেবা করে অপচয়,
অচিরে তাহার ঘরে দৈন্য দেখা যায়।

إِنَّ الْمُبَذِّرِينَ كَانُوا إِخْوَانَ الشَّيَاطِينِ কোরাণ

অতীত কালের দান করিলে স্মরণ,
অপার আনন্দে মন হয় নিমগন।
এক মাত্র দান কার্য্য এ মর জীবনে,
অমর করিতে নাম সক্ষম ভুবনে।
'অনর্থ অর্থের তরে ব্যস্ত কি কারণ,
এক দিন হবে যদি অবশ্য মরণ।'

শাহজালাল গঞ্জ বক্‌শ্‌ ও গঞ্জ রাঁওয়া শাসুফী জালাল,
মারফত জগতে যিনি লভিল কামাল।
জ্ঞান চক্ষু বিকশিত ধর্ম্মগত প্রাণ,
আজীবন উপার্জ্জিত ধন করি দান,
বাইশ হাজারী ষ্টেট করিয়া সৃজন,
সমাজ হিতার্থে ওয়াক্‌ফ কৈল মহাজন।
বাইশ হাজারী দানে পেয়ে উদ্দীপন,
মডেল মাদ্রাসা লাভ করিল জীবন।

মোহসেন ভারত বিখ্যাত দাতা মহাত্মা মোহসেন,
স্থাপিয়া বিশাল ষ্টেট খ্যাতি লভিলেন,
এতিম গরিব ছাত্র সাহায্যে তাহার,
লভিছে সানন্দে সবে আলোক শিক্ষার।

ঢাকার ঢাকার নবাব খাজা সার আব্দুল গণি,

নবাব দাতা নামে খ্যাত তিনি বঙ্গে মহা ধনী।
স্মরিলে তাঁহার নাম প্রভাতে উঠিয়া,
প্রফুল্ল হৃদয় হয় আনন্দে মাতিয়া।
এই রূপ কত শত পরহিতকারী,
জীবনের অসারতা উপলব্ধি করি,
স্বধর্ম্ম, স্বজাতি প্রেমে হয়ে উদ্বোধন,
স্বদেশ সমাজ হিত করিতে সাধন,
সমগ্র সম্পত্তি দান করিয়া আপন,
সংসারে অমর কীর্ত্তি করিল স্থাপন।
অস্থায়ী মানব জন্ম করি সমাপন,
অসীম অনন্ত ধামে করিল গমন।
কিন্তু হায় ওয়াকেফের সে সাধু কামনা,
কচিৎ মানব কবে পূরে সে বাসনা।

হাদিস مَنْ كَانَ اِنْفَقَ دِرْمًا عَلَى الطَّالِبِ الْعِلْمِ فَكَانَ جَبَلَ مِنَ الذَّهَبِ

"শিক্ষা তরে যেবা করে কপর্দক দান,
মানব সমাজে ধন্য সেই পূণ্য বান।
দানিলে দরিদ্রে অর্থ পর্ব্বত প্রমাণ
কভু নাহি হয় পূণ্য তাহার সমান।"
যে জন শিক্ষার তরে নাহি করে দান,
সমাজ সমীপে তার হয় না সম্মান।
শিক্ষা হেতু নবী সদা করিত খয়রাত,
ভিক্ষা হেতু কভু নাহি বিস্তারিল হাত।

نیک بخت آنکه خـرد و کشت
بد بخت آنکه مـرد و هشت

মালদহের মহারাজা।

চাঁচলাধিপতি রাজা শরৎচন্দ্র রায়;
প্রভাতে স্মরিলে নাম পাপ ক্ষয় হয়।
কুলীন ব্রাহ্মণ তিনি অতি দয়াবান,
প্রার্থী জনে অকাতরে অর্থ করে দান।
অভাব জড়িত ব্যক্তি করিলে প্রার্থনা,
রিক্ত হস্তে বিতাড়িত কভু সে হয় না।
পরম ধার্ম্মিক রাজা সাধু অতিশয়;
এক বাক্যে নর নারী তাঁর যশ গায়।
সদাচার শিষ্টাচার বর্ণনা অতীত,
অমায়িক ব্যবহার না হয় তুলিত।

উচ্চ ভাব পরিপূর্ণ গর্ব্ব শূন্য মন,
বেশ ভূষা পরিধান করেনা সুজন।
শুভাদৃষ্টে, প্রজাভাগ্যে ঘটিলে সাক্ষাৎ,
বিপদ কাটিয়া তার হয় সুপ্রভাত।
সদয় হৃদয় তাঁর অবারিত দান,
লভিল জেলায় তাই সর্ব্বশ্রেষ্ঠ মান।
তেরশ পনর সালে ভীষণ প্লাবন,
বিনষ্ট করিল যবে কৃষকের ধন,
অনাহারে অনশনে ব্যথিত মানবে,
পূরিল গগন যবে হাহাকার রবে।
ধান, চাউল, বস্ত্র, অর্থ করি বিতরণ,
রক্ষিল সদয় রাজা অসংখ্য জীবন।
আশ্রয় বিহীন কত শত পরিবার,
মাসিক সাহায্য তারা লভিছে রাজার।
অসীম করিয়া দান গোপনে গোপনে,
মানীজন মান রক্ষা করেন যতনে।
দাতাকর্ণ বলি তাই বাখানে সবায়
মোস্লেম সমাজে খ্যাত বলি হাতেম তাই,
রাম রাজ্যে বাস বলি প্রজা গুণ গায়।
সাগ্রহে অনেকে তাঁর প্রজা হতে চায়।
আপন জেলায় শিক্ষা করিতে বিস্তার,
উন্মুক্ত সতত তাঁর সাহায্য ভাণ্ডার।

অসংখ্য দরিদ্র ছাত্র কৃপায় তাঁহার,
লভিছে বিভিন্ন স্থানে আলোক শিক্ষার।
মালদহে নাহি আছে হেন শিক্ষাগার,
বঞ্চিত যে শিক্ষাগার সাহায্যে তাঁহার।
বিশাল বাঙ্গলা তাঁর যশে মুখরিত,
অদ্বিতীয় দাতা বলি তাই বিঘোষিত।
জাতিধর্ম্মনির্ব্বিশেষে সন্তোষে সকলে,
ভক্তি ভরে তাই লোকে মহারাজা বলে।
পাইয়া বালকবৃন্দ শিক্ষার আলোক,
দুর্লভ মানব জন্ম করিছে সার্থক।
রাজার সাহায্যলাভে হয়ে ভাগ্যবান,
মডেল মাদ্রাসা করে জীবন ধারণ।
মাসিক সাহায্যে তাঁর হইলে বঞ্চিত,
হইত অকালে কাল কবলে পতিত।
স্বেচ্ছাপ্রণোদিত হয়ে সে মহারাজন,
বহুতর লাখেরাজ ভূমি কৈল দান,
রাজার সাহায্যপ্রাপ্ত মাদ্রাসা মক্তবে,
মোস্লেম বালকবৃন্দ ধর্ম্ম শিক্ষা লভে।
অপার আনন্দে সবে হয়ে মাতোয়ারা,
রাজার সুখ্যাতি গীতি সদা গায় তারা।
সমগ্র জগৎব্যাপী ভীষণ সমরে,
বিপদস্থ, বিচলিত বৃটিশ রাজারে,

অকাতরে সদিচ্ছায় ঋণ করি দান,
অনুপম রাজভক্তি কৈল প্রদর্শন।
বৃটিশ সম্রাট তাহে হইয়া তুষিত;
উপাধি ভূষণে তাঁরে কৈল বিভূষিত।
স্বরগে দেবতাবৃন্দ প্রফুল্ল অন্তরে,
মঙ্গল যাচিয়া থাকে সে রাজার তরে।
মরতে মানব জাতি করয়ে কামনা,
দীর্ঘায়ু হউক তাঁর পুরুক বাসনা।
পাতালে পাতালবাসী জলচরগণ,
সতত করিয়া থাকে শুভ আকিঞ্চন।
ধন্য ধন্য ধন্য রাজা ধন্য তাঁর দান,
ধন্য তাঁর উদারতা ধন্য তাঁর মান।
রোগমুক্ত স্বাস্থ্যযুক্ত হোক দেহ তাঁর,
নিত্য পূর্ণ থাকে যেন রাজার ভাণ্ডার।

إِذَا قُضِيَتِ الصَّلٰوةُ فَانْتَشِرُوا فِي الْأَرْضِ وَابْتَغُوا مِنْ فَضْلِ اللّٰهِ কোরাণ

পরিশ্রম ও উদ্যম উন্নতি আকাঙ্ক্ষা যদি হৃদয়ে তোমার,
উৎসাহ, উদ্যম, চেষ্টা শ্রম কর সার।
শ্রম বিনে এসংসারে কিছু না সম্ভবে,
শ্রম বলে অসম্ভব সম্ভবে এভবে।

সমাজ উন্নতি কিম্বা নৈতিক উন্নতি,
সকলি নির্ভর করে স্বীয় শ্রম প্রতি।
কর্ম্মী ব্যক্তি এজগতে করয়ে উন্নতি,
অলস ব্যক্তির হয় সদা অধঃগতি।
সৌভাগ্য মন্দিরে যার প্রবেশ বাসনা,
করুক সে জন যত্নে কর্ম্মের সাধনা।
হয়ে নিষ্ঠাবান সবে হও অগ্রসর,
অবশ্য উন্মুক্ত পাবে সৌভাগ্যের দ্বার।
কর্ম্মী জনে এভবনে সকলে বাখানে,
ঘৃণিত অলস ব্যক্তি যেখানে সেখানে।
যে কাজ করিতে তুমি করিবে মনন,
সে কাজে করিবে তুমি বিশেষ যতন।
কর্ম্ম শিক্ষা, কর্ম্ম দীক্ষা, কর্ম্মই শকতি;
কর্ম্ম মন্ত্র, কর্ম্ম তন্ত্র, কর্ম্মেই মুকতি।

শোসরু عنقای مغرب است درین درر خرمی
خواص از براے مہنت و رنج است آدمی
ہرکس بقدرخویش گرفتار مہنت است
کس را نداده‌اند برات مسلمی

"এজীবনে শান্তি শব্দ নাম মাত্র সার,
হুমা পাখী সম ইহা দৃষ্টি অগোচর।
কেবল কর্ম্মের তরে সৃষ্টি মানবের,
দুঃখ কষ্ট পরিপূর্ণ জীবন তাদের।"

দীর্ঘায়ু হইতে যদি বাসনা প্রবল,
দিবা নিশি শ্রম কর আপন সম্বল।

তদ্বির ও তক্‌দির رمز الکاست حبیب الله شنو

از توکل در سبب کاهل مشو

"শ্রমশীল মহম্মদ সজোরে কহিল,
অদৃষ্টে নির্ভরি কার্য্যে হবে না শিথিল।"
মল, মূত্র ত্যাগ জন্য শয়ন ভোজন,
ছয় সাত ঘণ্টা মাত্র কর নির্দ্ধারণ।
শত বাধা বিঘ্ন ভবে করি অতিক্রম,
সতত করিবে তুমি নিজে পরিশ্রম।
বিপক্ষ বাদীর বাক্যে হয়ে ক্ষুণ্নমন,
সংকল্পে শিথিল কভু হবেনা আপন।

رو توکل کن تو با کسب ای عمو — রুমী

جهد میکن کسب میکن مو بمو

"বিশ্বাস খোদার প্রতি রাখি দৃঢ়তম,
যত্ন কর, চেষ্টা কর, কর পরিশ্রম।"

گفت پیغمبر با آواز بلند

از توکل زانوئے اشتر ببند

"সজোরে কহিল প্রভু পাক পয়গম্বর,
বাঁধিবে উঁটেরে করি অদৃষ্টে নির্ভর।"

কীর্ত্তি য়স্ত সজীবতি রাখিবে স্মরণ,
কার্য্যের সাধন কিম্বা শরীর পতন।

আত্তার

هر که کارش از برائے حق بود
کار او پیوسته با رزنق بود

"সাধুজন যাহার কার্য্যে থাকয়ে নিহিত,
অবশ্য তাহার কার্য্য হইবে সাধিত।"

কমী

کسب کن سعے نما و جہد کن
تا بدانی سر علم من لدن

নিঃস্বার্থ নিয়তে কার্য্য করে যে উদ্যোগী,
সুখ্যাতি, সুনাম সহ হয় যশোভাগী।
অধম সে নর হয় সমাজে ঘৃণিত,
যার কার্য্যে থাকে বাছা স্বার্থ বিজড়িত।
উদ্যম, উৎসাহ, যত্ন বিশ্বাস অটল,
সাফল্য লাভের এক প্রধান সম্বল।
উদ্যমবিহীন ব্যক্তি অপদার্থ ভবে,
উদ্যমবিহনে ভবে কিছু না সম্ভবে।
অলস মানব হয় বিহীন সম্বল,
জীবন অপেক্ষা তার মরণ মঙ্গল।

হালী

فقیری سے پہلے غنیمت ہے دولت
جو کرنا ہو کرلو کہ تھوڑی ہے مہلت

"ঐশ্বর্য্য উত্তমতর দারিদ্র্য হইতে,
স্বকার্য্যে তৎপর হও সময় থাকিতে।"

হালী

كه بازو سے اپنے كرو تم كمائى
نه كرنے پڑے تمكو در در گدائى

"নিজ বাহু বলে বাছা কর উপার্জ্জন,
সে অর্থে পরের হিত কর রে সাধন।
পরমুখাপেক্ষী তুমি হবে না কখন
তব মুখাপেক্ষীযেন হয় অন্য জন।"
রবি শশী তারা রাজি গ্রহ উপগ্রহ,
স্বকার্য্য সাধিতে রত আছে অহরহ।

সময়

সময় অমূল্য নিধি কভু না ভুলিবে,
হেলায় কাটালে কাল বিপদ ভুগিবে।
غافل و احتياط نفس يک نفس مباش
شايد همين نفس نفسِ واپسين بود

"মুহূর্ত্তের তরে তুমি হবে না অলস,
হতে পারে সে মুহূর্ত্ত চরম নিশ্বাস।"
জীবজন্তু যাহা কিছু আছে চরাচরে,
তৃণ সম ভেসে যায় সময় সাগরে।
অজ্ঞান মানব জাতি না বুঝি হেলায়,
অমূল্য সময় রত্ন করে অপব্যয়।
কিন্তু হায় নাহি করে চিন্তা একবার,
সময় চলিয়া গেলে ফিরে না আবার।
সময়ের মূল্য বুঝি ইংরাজের জাতি,
ক'রেছে ধরায় তারা অসীম উন্নতি।

হেলায় কাটায়ে কাল মুসলমান জাতি,
দেখিছে ধরায় তারা এহেন দুর্গতি।
পিপীলিকা আচরণ রাখিবে স্মরণ,
তিলেক সময় তারা করে না ক্ষেপন।

পিতৃ-মাতৃ-ভক্তি

হাদিস بِرُّ الْوَالِدَيْنِ اَفْضَلُ مِنَ الصَّلٰوةِ وَ الصَّدَقَاتِ وَ الصَّوْمِ
وَ الْحَجِّ وَ الْعُمْرَةِ وَ الْجِهَادِ فِى سَبِيْلِ اللّٰهِ

"পিতৃ মাতৃ ভক্তি সহ না হয় তুলন,
নামাজ, জাকাত, রোজা, হজ, ধর্ম্ম-রণ।"
দিবা নিশি অকাতরে করিয়া যতন,
নিজ সুখ ত্যাগ করি করিল পালন।
সতত তাদের আজ্ঞা করিবে পালন,
অবাধ্য তাদের তুমি হবে না কখন।
হইলে পীড়িত তব জনকজননী,
থাকিবে সেবায় রত দিবস রজনী।
পিতা মাতা সমতুল্য না আছে ধরায়,
তব শুভাকাঙ্ক্ষী বাছা জানিবে নিশ্চয়।
সতত সতর্ক তুমি থাকিবে বাছনি,
আক্ষেপ্ না করে কভু মুখে আহ আনি।

বৃদ্ধকালে উপনীত হইলে দু জনা,
দিবে না কুবাক্য বলি অন্তরে যাতনা।

শিক্ষাগুরু শিক্ষাগুরু জনে সদা করিবে সম্মান,
কভু না করিবে তুমি তাঁরে অপমান।
অজ্ঞতা তিমির হ'তে করিয়া উদ্ধার,
জ্ঞানালোক দিল জ্বালি হৃদয়ে তোমার।
রাখিবে তাঁহার প্রতি অটল ভকতি,
সম্মানিতে তাঁরে কভু হবে না বিমতি।

পয়গম্বর মানব জগতে সত্য করিতে প্রচার,
প্রেরিত হইয়া থাকে রসুল খোদার।
চতুর বিংশতি লক্ষ পূত পয়গম্বর
আসিল জগতে, ইহা হাদিসে খবর।
হজরত আদম, শিশ, ইব্রাহিম, মুশা,
ইয়াকুব, এসহাক, দাউদ, সোলেমান ইসা,
ইত্যাদি শতেক নাম করিতে সক্ষম,
ততোধিক নাম মোরা করিতে অক্ষম।
হিন্দু ধর্ম্মে উল্লিখিত অবতারগণ,
পরম পবিত্র তাঁরা অতীব মহান।
শ্রীকৃষ্ণ, চৈতন্য, রামচন্দ্র, বুদ্ধদেব,
সম্মান করিবে সবে না করি প্রভেদ।
আদর্শ জীবন তাঁরা করিল যাপন,
ভক্তিসহকারে কর নাম উচ্চারণ।

খোদার রহস্য বাছা বুঝা বড় দায় ;
কে বলিতে পারে তাঁরা পয়ম্বর নয়।
ভক্তি ভক্তি রসে পরিপূর্ণ হৃদয় যাহার ;
ধর্ম্ম রাজ্যে করে সেই আনন্দে বিহার।

رومی جسم خاک از عشق بر افلاک شد
کوہ در رقص آمد و چالاک شد

"মাটির মানব দেহ পূর্ণ ভক্তি বলে,
অবাধে ভ্রমণ করে আকাশে পাতালে।
ভক্তি মদে মত্ত হৈলে পর্ব্বত কানন ;
সানন্দে নাচিয়া উঠে, পাইয়া জীবন।"

হাদিস اَلْعِشْقُ قَطْرَةٌ الْحَقِيْقَةِ

"ধর্ম্ম রাজ্যে প্রবেশের প্রধান সোপান,
প্রেম, প্রীতি, ভক্তি, ভীতি গতি প্রয়োজন।"

رومی ای خوشا چشم کہ آن گریان اوست
ای همایون دل کہ ان بریان اوست

"ইহকালে ধন্য সেই যুগল নয়ন,
খোদা প্রেমে অশ্রু যাবা করে বরিষণ।
বিশুদ্ধ হৃদয় সেই সংসারেতে হয়,
প্রেমানলে দগ্ধ সদা হয় যে হৃদয়।"

সভাসমিতির উপকারিতা

বর্ণিত উন্নতি-পন্থা করিয়া ধারণ,
নিম্নোক্ত উপায় সবে করহ গ্রহণ।
সমাজে সহানুভূতি আনিবার তরে ;
জাতীয়তা, ভ্রাতৃভাব জাগাতে অন্তরে,
বিচ্ছিন্ন সমাজ শক্তি একত্রকরণ ;
স্থাপিতে সমাজ মাঝে একতা বন্ধন,
করিতে ধরমভাব হৃদে উদ্দীপন ;
জেলায় জেলায় কর সমিতি গঠন।
জীবনদায়িনী সভা করি আবাহন,
সমাজ উন্নতি পন্থা কর নির্দ্ধারণ।
থানায় থানায় কর সমিতি স্থাপন,
গ্রামে গ্রামে গ্রাম্য সভা কর সঙ্ঘটন।
মতামত প্রকাশের আলয় প্রধান,
ভীষণ পরীক্ষা-ক্ষেত্র হয় সেই স্থান।
স্বতন্ত্র প্রাধান্য তথা হয় না রক্ষিত,
আত্মঅভিমান তথা হয় বিদলিত।
তর্ক বলে জয়ী হয়, তার্কিক যে জন,
পরাস্থ করিয়া ভুল করে সংশোধন।
সমাজসেবকবৃন্দ হয়ে এক মন,
রাজ-নীতি ধর্ম্ম-নীতি কর আলোচন।

মোস্লেম্ সমাজ চিত্র করিয়া অঙ্কন,
অতীত ইস্‌লাম শৌর্য্য কর রে বর্ণন ।
সমাজ পতনবার্ত্তা করিয়া জ্ঞাপন,
কর্ত্তব্য পালনে সবে কর উদ্বোধন ।
উন্নতির পথে সদা করিতে প্রয়াণ,
উত্তেজনা, উদ্দীপনা, করহ প্রদান ।
সাধিত যে কার্য্য হয় সমিতি প্রাঙ্গণে,
হয় না সাধিত তাহা স্বতন্ত্র যতনে ।
সমাজের হীনাবস্থা বিষাদকাহিনী,
পড়িলে পত্রিকা স্তম্ভে দিবস যামিনী,
কভু নাহি তাহে বাছা সে ফল ফলিবে,
বক্তৃতা শ্রবণে সবে যে ফল লভিবে ।
কভু না সম্ভবে তাহা গ্রন্থ অধ্যয়নে,
সম্ভবে না তাহা কভু গৃহ-আলাপনে ।
জ্বলন্ত ভাষায় করি দুর্দ্দশা জ্ঞাপন,
তীব্র তিরস্কার কর হৃদিবিদারণ ।
জাগিবে হৃদয়ে তাহে কর্ত্তব্যের জ্ঞান,
দেশব্যাপী মোহ, নিদ্রা হবে তিরোধান ।

ز زخـــم سنـان بیش زخـم زبان
که این تن کند خسته وان روان

"যে যাতনা অনুভূত হয় বাক্যবাণে,
না হয় তুলনা তার লৌহবর্ষা সনে।

যে হেতু শরীর বিদ্ধ হয় লৌহ বাণে,
হৃদয় বিদীর্ণ হয় তীব্র বাক্যবাণে।”
মহাজন প্রদর্শিত উন্নতি সোপান,
তব হিত হেতু আমি করিনু বর্ণন।
গ্রাম্য সভা, থানা সভা, চাঁদা আহরণে,
প্রেরণ করিবে জেলা সমিতি সদনে।
ওসর, জাকাত, ফেত্‌রা, কোর্বানীর দান,
করিতে সংগ্রহ সবে হও যত্নবান।
* সে অর্থে স্থাপিয়া সবে শিক্ষার ভাণ্ডার,
সমাজ অভাব দূর করহ সত্বর।
এতিম গরীব দুঃখী মোস্লেম বালক,
পাইবে সাহায্যে তার শিক্ষার আলোক।
প্রেরিত হইবে ছাত্র জার্ম্মানে জাপানে,
শিক্ষিত হইতে তথা দর্শনে বিজ্ঞানে।
মাদ্রাসা, মক্তব, তাহে হইবে স্থাপিত,
শিক্ষা হেতু হবে তাহে সাহায্য সাধিত।
উক্তার্থ সমাজে যাহা হয় সংগৃহীত,
সর্দ্দার মণ্ডল গণ করে কবলিত।
কেহ কেহ না রাখিয়া হিসাব নিকাশ,
“সমস্ত খরচ” বলি করয়ে প্রকাশ।

* জেলা বাণিজ্য মীল স্থাপনের প্রস্তাব।

প্রতীকার প্রয়োজন এ হেন কার্য্যের,
তা হলে অশেষ হিত হবে সমাজের।

মোস্‌লেম পর্ব্ব

জাতীয় কল্যান কর, সমাজ বন্ধন,
বকরিদ, ইদ, পর্ব্ব করিবে পালন।
অতীত গৌরব কীর্ত্তি স্মরণের তরে,
হোসেনের মুসিবত জানাতে অন্তরে,
এখনো স্বরিলে যাহা হৃদয় বিদরে,
চিরস্মরণীয় তাহা করিবার তরে,
কুফরী যে অংশ তাহা করিয়া বর্জ্জন,
তরবারি লাঠি খেলা রাখ প্রচলন।
সুবর্ণ সুযোগ ইহা মিলন আলয়,
শৌর্য্য বীর্য্য প্রকাশের উপায় নিচয়।

সার সৈয়দ

জন্মিল তনয় এক ভারতপ্রাঙ্গণে,
সার সৈয়দ নাম তাঁর বিদিত ভুবনে।
শিক্ষা, দীক্ষা, প্রচারিয়া সমাজ ভিতরে,
সাধিল কর্ত্তব্য কাজ নির্ভয় অন্তরে।
কুনীতি বিটপী যত উপাড়ি সমূলে,
শিক্ষা দিল রাজনীতি অতীব কৌশলে।
অবশেষে বহুক্লেশে ভিক্ষা করি সার,
স্থাপিল ভারতে এক শিক্ষার আগার।

করিয়া সমাজে নব যুগ আনয়ন,
করিল ভারতে শিক্ষা সমিতি স্থাপন।
আমির আলি সুদূর সাগর পারে ভারত রতন,
আমির আলি নাম তাঁর ইস্লাম নন্দন।
সাহিত্য বিজ্ঞান বল বিচার আচার,
আছে বল কয় জন সমকক্ষ্য তাঁর।
প্রকাশি পত্রিকা স্তম্ভে সময়, সময়,
নির্দ্ধারিছে মোস্লেমের উদ্ধার উপায়।
আলতাফ হোসেন আল্‌তাফ হোসেন হালী পঞ্জাব প্রদেশে,
সমাজ উন্নতি নীতি ঘোষিল সরোষে।
প্রবীন সমাজ সেবী মির্জা সুজাতালি,
সমাজ হিতৈষী কর্ম্মী চৌধুরী নবাবালি।
সমাজ সেবক বীর ওয়াহেদ হোসেন,
আব্দুল করিম জ্ঞানী প্রকৃত মোস্লেম।
সমাজ উন্নতি শিক্ষা বিস্তার কারণ,
নব নব পন্থা কত করে নির্দ্ধারণ।
অতীত গৌরব পুনঃ জাগাতে অন্তরে,
দিবস রজনী চিন্তা করে অকাতরে।
জাতীয় কল্যাণ হেতু সমাজ উদ্ধার,
উপদেশ নহ হেন সমাজ নেতার।
বঙ্গের বিখ্যাত কবি মজাম্মল হক,
ফোয়ারা ছিটায়ে জোরে দিছে কত হাঁক।

সমাজ গৌরব কবি মোশরেফ হোসেন,
সীরাজী নামেতে খ্যাত ইস্‌মাইল হোসেন।
প্রকাশি কবিতামালা জ্বলন্ত ভাষায়,
তীব্র তিরস্কার কত দিতেছে সবায়।
উন্নতির তরে তাঁরা সাধিছে সমাজে,
না বুঝে সকলে তাহা হায় মরি লাজে।
দৈনিক পত্রিকা এক করিয়া প্রচার,
সমাজ অভাব দূর করহ সত্বর।
পড়িলে পত্রিকা পাবে বহু উপকার,
জানিতে পারিবে কত অদ্ভুত ব্যাপার!
জগতের ইতিহাস্ কর অধ্যয়ন,
বুঝিবে উন্নতি পথ কোথায় কেমন।
বিলুপ্ত গৌরব পুনঃ করিতে উদ্ধার,
মিশন প্রেরণ প্রথা করহ প্রচার।
অহিংসা পরম ধর্ম্ম পর-উপকার,
সৃষ্ট জীবগণ প্রতি দয়া অনিবার।
অটল বিশ্বাস ভক্তি আর সদাচার,
সর্ব্ব শ্রেষ্ঠ ধর্ম্ম বাছা নিকটে খোদার।

মোস্‌লেম

সমর প্রসঙ্গ

আছ কি বিদিত মাতঃ ভীষণ বারতা,
পশ্চিম গগন ব্যাপী উঠেছে যে ঘটা?

শুনিতে বাসনা মাতঃ সমর রহস্য,
নিহিত রয়েছে তাহে কি গূঢ় উদ্দেশ্য।
য়ুরোপ সমরবহ্নি জ্বালিয়া ভীষণ,
জীঘাংসা করিতে রত যত রাজগণ।
বিদ্যা বলে বলীয়ান হয়ে যেই জাতি,
লভিল ধরায় এবে অসীম সুখ্যাতি।
বুঝে নাকি তারা সেই উদ্দেশ্য মহান্,
তোমার বর্ণিত তত্ত্ব ধর্ম্মসনাতন ?

ইস্‌লাম

বিদিত সকলি আছি মানবের ত্রুটী,
কালের কুটিল গতি সময় ভ্রূকুটী।
স্বাধীনতা মদে মাতি খৃষ্ট রাজগণ,
পাশব প্রকৃতি বলে করিতেছে রণ।
স্মরিলে সে কথা বাছা বিদরে হৃদয়,
লক্ষ লক্ষ নর নারী শায়িত ধরায়।
হৃদয়তন্ত্রীর তার উঠে যে বাজিয়া,
শিরার ভিতর রক্ত যায় শুকাইয়া।
য়ুরোপ সমরক্ষেত্র রঞ্জিত শোণিতে,
কম্পিত বিমান সদা তোপের ধ্বনিতে।
তটিনী নিচয়ে নীর প্রবাহিত যথা,
রক্তস্রোত প্রবাহিত হয় বাছা তথা।

সকরুণ আর্ত্তনাদে ধ্বনিত অম্বর,
উঠিছে গগনে ধ্বনি ঘোর হাহাকার।
বিজ্ঞান বলেতে তারা হয়ে বলীয়ান,
ভীষণ সংগ্রামে রত যত রাজগণ।
রোমানিয়া, বোসনিয়া, মরোক্ক, গিরিস,
আল্‌জিরা, মিশর, মাণ্টা, কিরিট, টুনিস,
মোস্লেম সাম্রাজ্য সব করি কবলিত,
শেষাংশ গ্রাসিতে এবে হয়েছে ধাবিত।

روشن نظـــر آتا نہیں دان کوئی چـــراغ آج — হালী
بجھنے کو ہے اب گر کوئی بجھنے سے بچاے

শুন তবে কহি রাছা বিপদকাহিনী,
দারুণ সংবাদ তাহা হৃদিবিদারিণী।
টলমল আজি রাছা তুর্কী সিংহাসন,
রাহুগ্রস্থ পারশ্যের সৌভাগ্য তপন।
ইসলামের ধর্ম্মনেতা তুরস্ক সুলতান,
জার্ম্মান কুহকে পড়ি এবে ম্রিয়মান।
পারশ্য সাম্রাজ্য এবে বিপদবিহ্বল,
শক্তি পুঞ্জ মিলি তথা করিছে কুন্দল।
মোস্লেম গৌরব রবি ভীষণ সমরে,
যাইবে ডুবিয়া বুঝি একাল সাগরে।
হেলাল খচিত কেতু হইয়া বিলয়,
ক্রুশ সম্বলিত কেতু উড়িবে তথায়!

নিজ দোষে হেন দশা দেখিছে তুরান,
স্বীয় কর্ম্মফল ভোগ করিছে ইরান।
دیکھے ھین یہ دن اپنے ھی غفلت کے بدولت حالی
سچہ ھے کہ بـــرا کام کا انجـــام بـــرا ھے
অলস যে জাতি তার এই পরিণাম,
উদ্যমবিহীন জাতি হয় অপমান।
একদিন যার দাপে সমগ্র য়ুরোপ,
খৃষ্টান রাজন্যবৃন্দ, ক্যাথলিক পোপ
নতজানু, জোড়হাত, অবনত শির,
কাঁপিত সভয়ে সদা হইয়া অস্থির।
সেই জাতি এবে, হায়, কেটে যায় বুক,
রক্ষিতে আপন মান হ'তেছে বিমুখ।
হেরিলে নয়নে এই দুর্দ্দশা নিদান,
কেনা বুঝে কেন বাছা কাঁদিছে পরাণ।
কি ভীষণ চিন্তানলে দহি অনিবার,
তোরা না বুঝিলে বাছা কে বুঝিবে আর।
একছত্র আধিপত্য করিতে বিস্তার,
বদ্ধপরিকর এবে জার্ম্মান দুর্ব্বার।
বিজয়বাসনা মদে হয়ে মাতোয়ারা,
ধর্ম্মনীতি, রাজনীতি উপেক্ষিছে তারা।
সমরবিদ্যায় পটু দুর্দ্দান্ত জার্ম্মান,
অন্যায় অশান্তি বীজ করেছে রোপন।

শান্তি যে কি মহা বস্তু মানব জীবনে,
পর্ব্বিত যে জাতি তাহা বুঝিবে কেমনে।
হের য়ুরোপের পানে কি দৃশ্য ভীষণ,
পাশবিক অত্যাচার কর বিলোকন।
বালক, বালিকা, শিশু বৃদ্ধ অগণণ,
অবলা সরলা কত করিছে রোদন।
বেয়নেটে, বিদ্ধ কার হয়েছে হৃদয়,
খণ্ডিত মস্তক কার লুণ্ঠিত ধরায়।
অসংখ্য সৈনিকবৃন্দ প্রাণ করি দান,
স্বদেশরক্ষার্থে চির নিদ্রায় মগন।
নব নব যুদ্ধ যন্ত্র করি আবিষ্কার,
সংহারিছে জীবকুল বিশ্ববিধাতার।
ব্যবসা বাণিজ্যে অর্থ করিয়া লুণ্ঠন,
বিধির বিধান পদে করিছে দলন।
রক্ষিতে মর্য্যাদা স্বীয় তুর্কী বীরগণ,
বীর দর্পে অসি হস্তে করেছে ধারণ।
জাতীয় গৌরব রক্ষা করিবার তরে,
দিছে প্রাণ বীরবেশে সম্মুখ সমরে।
পড়িল সমর ক্ষেত্রে আরব কুপিত,
মৃগযুথ মাঝে যথা সিংহ আপতিত।
ইরাকী উস্মিয়া মূর্ত্তি করিয়া ধারণ,
খাপ হতে অসি সবে কৈল নিষ্কাষণ।

অথবা খড়্গত যথা জ্বলন্ত অনলে,
অগণন বীরগণ পড়িল ভূতলে।
সার্ভিয়া, বোঞ্জয়া, রুষ, রোমানী প্রদেশ,
ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যবৃন্দ ধরি বীরবেশ,
প্রকাশে বীরত্ব তারা বীরের মতন,
জগতের ইতিহাসে লভিবারে স্থান।
তোমরাও ধর এবে সবে বীর বেশ,
শত্রু হ'তে রক্ষিবারে আপনার দেশ।
ফলফুল পরিপূর্ণ ভারত উদ্যানে,
লালিত পালিত যাহা বৃটিশ শাসনে,
পড়িলে অনল কণা য়ুরোপ খণ্ডের,
কে বলিবে কি যে দশা ঘটিবে তোদের।

তিরস্কার

বীরত্ব যথেষ্ট দেখি বচন মর্দ্দনে,
সমিতি প্রাঙ্গনে কিম্বা ফুটবল ময়দানে।
ননীর পুতুল সম মশারি ভিতর,
শীতল বাতাস সেবা পর্য্যাঙ্ক উপর
দুগ্ধ, ঘৃত, ছানা, দধি সুস্বাদু আহার,
মিষ্টান্ন ভোজনে তব বর্দ্ধিত উদর।
কোর্ম্মা, কোপ্তা, জর্দ্দা, আর পোলাও কালিয়া,
সকলে রয়েছে তাহে আরামে মাতিয়া।

সুরা, চণ্ড,, বেশ্যা বাড়ী বটের লড়াই,
হেন নীচ কার্য্যে এবে প্রমত্ত সবায়।
সিংহের ঔরসে লাভ করিয়া জনম,
কার্য্য ক্ষেত্রে সবে এবে শৃগাল অধম।
বিলাসিতা পরিপূর্ণ তোদের অন্তর,
বীরত্ব প্রযুক্ত কার্য্যে অতীব কাতর।
সাহসের লেশ মাত্র নাহিক অন্তরে,
জড়তা ভীরুতাপূর্ণ হিংসা, অহঙ্কারে।
উপযুক্ত স্থান তব সজ্জিত মহল,
সুবাসিত পরিচ্ছদ রমণী অঞ্চল।
শোভে না তোদের মুখে বৃথা আস্ফালন,
স্বদেশ স্বরাজ আর স্বায়ত্ত শাসন।
বাক্যবীর চির হেয় প্রথা জগতের,
কর্ম্মবীর পূজনীয় সকল দেশের।
শৌর্য্য বীর্য্য তিরোহিত নিরীহ জীবন,
শতগুণে শ্রেয়ঃ তব বাঞ্ছিত মরণ।
সকলি ত ছিল তব জাতীয় ভাণ্ডারে,
বঙ্গ জল বায়ু তাহা সব নিল হরে।
স্মরিলে বারেক তব নীচ ব্যবহার,
উপজে হৃদয়ে ঘৃণা অতি ভয়ঙ্কর।
ধিক সে মানবকুলে ধিক সে জীবনে,
অক্ষম যে জন আত্ম মর্য্যাদা রক্ষণে।

জাতীয় উন্নতি যদি বাসনা তোমার,
শারীরিক শক্তি লাভে হও অগ্রসর।
স্বাধীনতা বাঞ্ছনীয় মানব জীবনে,
পশু পক্ষী লালায়িত লভিতে সে ধনে।
পবিত্র চরিত্র, ন্যায়, নিষ্ঠা পরহিত,
এসব গুণেতে আগে হও বিভূষিত।
আকাঙ্ক্ষা যদ্যপি হৃদে উচ্চ হইবার,
চরিত্র গঠনে হও বদ্ধপরিকর।
অতএব ত্যাগ নিদ্রা হও অগ্রসর,
সমাজ গৌরব রক্ষা কর আপনার।
ত্যজিয়া ভীরুতা লজ্জা সাজি বীর সাজে,
প্রবেশ ভারত-রক্ষী সৈন্য দল মাঝে।
স্বদেশের সেবা যেবা করিবে বাছন,
পাইবে অতুল মান সমাজ সদন।
দিবে উচ্চাসন রাজ কর্ম্মচারিগণ,
সম্মানিবে তোরে কর করিয়া মর্দ্দন।
সামরিক শিক্ষা লাভে পাইলে প্রয়াস,
প্রশংসা করিবে বলি শাবাস শাবাস।
স্বায়ত্ত শাসনে যদি হয় আকিঞ্চন,
বৃটিশ রাজারে কর শ্রদ্ধা প্রদর্শন।
বৃটিশ সাহায্যে তব পুরিবে সে আশ,
বিরুদ্ধাচরণে পারে হ'তে সর্ব্বনাশ।

সহযোগ শ্রেষ্ঠ নীতি উন্নতি আসরে,
বিনা সহযোগে কাজ ফলে না সংসারে।
নর নারী সহযোগে সন্তান সন্ততি,
জন্মলাভ করি বৃদ্ধি করয়ে বসতি।
বায়ু সহযোগে রেণু হয় সঞ্চারিত,
তাহাতে উৎপত্তি লভে পুষ্প সুবাসিত।
বৃক্ষের সাহায্য লভি তৃণ লতা আদি,
উচ্চে আরোহিত হয় ইহা সর্ব্ববাদি।

মোস্‌লেম।

আতঙ্ক

সমাজ গৃহেতে তস্কর ঢুকেছে
ইমান রতন করিতে হরণ,
শুনি হায় একি কথা।
সমাজ তরণী ডুবিবে এখনি,
দুর্দ্দশা সাগরে মহাঝড়ে পড়ে,
সবে হও জাগরিত।

যদি না বাঁচাই ডুবিবি সবাই,
অতুল জলধি, হইবে সমাধি
সবে থাকিলে নিদ্রিত।
সেই অনুরক্তি অটল ভকতি,
সেইত বিশ্বাস নাহি অবিশ্বাস
সেই আল্লা নাম পরি।
সেইত কোরাণ সেইত ইমান,
সেইত হাদিস নবীর আদেশ,
আজো ধরি শিরোপরি।
সেইত তপন তাপিছে ভুবন,
সেইত পরণ রক্ষিছে জীবন,
নাহি অন্যথা তাহার।
এখনো শিরায়, প্রবাহিত হয়,
মোস্লেম শোণিত, এখনো ধাবিত।
তব ধমনী মাঝার।
এস ভাই তবে মিলি এবে সবে
ত্যাজিয়া শয়ন মেলিয়া নয়ন
সবে জাগাব জাগিব।
দ্বেষ হিংসা ফেলি যদি সবে মিলি
হয়ে গলাগলি ছাড়ি দলাদলি
হবে অসাধ্য সাধন।

গৌরবনিশান করিব উত্থান,
দেখিবে জগত কেমন মহৎ
সেই মহা অভ্যুত্থান।
কে হেন অধম ইসলাম নন্দন,
সমাজ পতন করিয়া দর্শন,
এবে রবে নিরুদ্যম।
ঠিক সেই জনে, যে জন শ্রবণে,
শুনি অনুতাপ ইস্লাম বিলাপ
নাহি করিতে উদ্যম।

گـــر اِسلام کی کچھہ ہمیت ہے تمکو
تـــو جلدی سے اٹھو اور اپنی خبـر لو
وگـر نہ یہ قـول راست آئیگا تم پـــر
کہ ہونے سے تم را نہ ہـونا تھا بہتـــر

আত্ম-সম্বোধন

حافظ وظیفہ تو دعا گفتن است و بس
دربند آن مباش کہ نشنید یا شنید

"হাফেজ থাকিবে রত কর্ত্তব্য পালনে,
শুনে বা না শুনে কেহ চিন্তিবে না মনে।
নিশ্বাসে বিশ্বাস নাই মুহূর্ত্তের তরে,
স্মরণ করিবে সদা আপন খোদারে।

থাকিবে সতত রত কর্ত্তব্য পালনে,
ভাল মন্দ মতামত চিন্তিবে না মনে।
স্বজাতি সমাজ সেবা সর্ব্ব শ্রেষ্ঠ ধর্ম্ম,
সংসারে নাহিক আছে হেন উচ্চ কর্ম্ম।
সংসার কাননে বায়ু বিপক্ষ গমনে,
কভু না ভুলিবে তুমি স্বীয় নিরজনে।
সুখ দুঃখ বিজড়িত এ মর ভবনে,
কুসুম কণ্টক যথা থাকয়ে মিলনে।
শত্রু মিত্র যে যা ইচ্ছা বলুক গোপনে,
বিচলিত নাহি হবে, কর্ত্তব্য পালনে।
غنچه گو تنگ دل از کار فرو بسته مباش
کز دم صبح مدد یابی و انفاس نه سیم
বিপদে ধৈরয ধরা মহতের গুণ,
বিপদে বিহ্বল হয় যে জন নিগুর্ণ।
সমাজ হিতার্থে হয়ে বদ্ধপরিকর,
যদি কোন কার্য্যে তুমি হও অগ্রসর।
সমাজের তীক্ষ্ণ দৃষ্টি পড়ি তার পর,
ভাল মন্দ মতামত হবে তীব্রতর।
সুজন যে জন গুণ করে সে গ্রহণ,
কুজন যে জন দোষ করে অন্বেষণ।
অলি যথা করি থাকে মধু আহরণ,
মক্ষিকা তল্লাস যথা করে ক্ষত স্থান।

সমাজে তোমার কাজ হলে আলোচিত;
সৌভাগ্য গণিবে তাহে হবে না কুণ্ঠিত।
বিপদকালীন কিম্বা সম্পদ সময়,
ভুলিবে না কভু তুমি তোমার খোদায়।
স্মরণ রাখিবে তুমি হংস আচরণ,
নীর ত্যজি ক্ষীর যথা করয়ে শোষণ।
কেহ বা তুষিবে তোরে, কেহ বা দুষিবে,
কেহ বা গাহিবে গুণ, কেহ বা নিন্দিবে।
প্রশংসা করিবে ব্যঙ্গ কেহ বা করিবে,
উৎসাহ দানিবে কেহ, উৎসাহ ভাঙ্গিবে।
কেহ বা হিংসিবে, কেহ মঙ্গল যাঁচিবে,
এ সব বিষয় গণি কভু না চিন্তিবে
আপন ঈমান তুমি রাখি দৃঢ়তর,
নির্ভর সর্ব্বদা কর আল্লার উপর।
যে বাসনা হৃদে তব রাখিবে গোপন,
অবশ্য বাসনা সেই হইবে পূরণ।
পরের অনিষ্ট চিন্তা করে যেই জন,
নিজ ধ্বংশ হেতু কূপ করে সে খনন।
সংসারে অসৎ লোক হিংসা করে কার,
কহিল হজরত আলী গুণ আছে যার।

حق پدید است از میان دیگران
همچـر ماه انـدر میان اختـران

"সত্য প্রকাশিত সদা মেদিনী মাঝার,
নক্ষত্র নিচয় মাঝে যথা শশধর।
সমাজে ঘৃণিত হয় স্বার্থপর নর,
জনম মরণ তার বিশ্ব অগোচর।
সাধে না যে জন কভু সমাজের হিত,
সমাজ সদনে সেই অতি অকিঞ্চিৎ।
স্বদেশ সেবক নর খ্যাত চরাচর,
জনম মরণ তাঁর সমাজ গোচর।
রবি রশ্মি সম যশঃ তাঁহার ছড়ায়,
জনম সফল তাঁর ধন্য সে ধরায়।
সমাজ সেবায় যেবা স্বার্থত্যাগ করে,
কৃতজ্ঞতা ভরে তারে সমাজ আদরে।
নিকৃষ্ট মানব কুলে হয় সেই নর,
পরের অনিষ্ট চিন্তা করে যেই নর।
ধিক সে মানব জন্মে ধিক শতবার,
যাঁহা হ'তে নাহি হয় পর-উপকার।
সমাজ ব্যাধিকে আমি গণিয়া নিদান,
বিষ বড়ী মম এই করিনু প্রদান।
চন্দন কাষ্ঠকে কৈলে পাষাণে ঘর্ষণ,
সুগন্ধ বাহির যথা হয় অনুক্ষণ।
তেমতি বিলাপ মোর যতই পড়িবে,
প্রকৃত সমাজ তত্ত্ব ততই বুঝিবে।

نگردد کلر من مشهور تا من زنده شوم
بلکه آن مشهور شود بعد که من مرده شوم

"প্রশংসা হবে না মম থাকিতে জীবন,
প্রশংসা হইবে যবে হইবে মরণ।"

রাজ-ভক্তি

রাজ-ভক্তি সৎযুক্তি রাখিবে স্মরণ,
বিদ্রোহে বাসনা পূর্ণ হয় না কখন।
শাস্ত্রানুমোদিত নীতি হয় রাজভক্তি,
পালন করিবে সদা হ'য়ে নেকমতি।
পিতৃসমতুল্য রাজা হউক যে জাতি,
স্বজাতি হউক কিম্বা হউক বিজাতি।
ভুঞ্জিছ অতুল সুখ বৃটিশ শাসনে,
পালিছে তোদেরে রাজা অপত্য যতনে।

اَلسُّلْطَانُ ظِلُّ اللّٰهِ

'সুলতান খোদার ছায়া' হাদিস বচন,
অবশ্য এ উপদেশ রাখিবে স্মরণ।

اَطِيْعُوا اللّٰهَ وَ اَطِيْعُوا الرَّسُوْلَ وَ اُولِى الْاَمْرِ مِنْكُمْ কোরাণ

আদেশিল খোদাতালা পবিত্র কোরাণে,
কর শিরোধার্য্য তাহা বিনম্র বদনে।
আদেশ পালন কর তোমার খোদার,
রশুল তাঁহায় আর তোমার রাজার।”

يَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَ الْبَغْيِ — কোরাণ

“পাপ কার্য্য হ’তে আর বিদ্রোহতাচরণ,
থাকিবে বিরত সদা বিধির বিধান।”

لا تلقوا بأيديكم الى التهلكه — কোরাণ

বিপদসঙ্কুল কার্য্যে, জানিয়া শুনিয়া,
কভু নাহি দিবে হাত বিপদ গণিয়া।

صدائیں یہ ہر سمت سے آرہی ہے — হালী
کہ راجا سے پرجا تلک سب سوکھی ہین
مہینونکے کتنے ہین رستہ پاونمین
گھرون سے سوا چین ہے منزلونمین
پہنچی ہین ملکونسے دم دم کی خبرین
چلی آتی ہین شادی و غم کی خبرین
کرو شکر اِس امن و آزادگی کی
کہ ہے صاف ہر سمت راہ ترقی

“চারিদিক হতে সদা বহিছে বাতাস,
রাজা প্রজা সবে মিলি সুখে করে বাস।”

বাষ্পযান, রেলগাড়ী, করিয়া স্থাপন,
বিশেষ সাহায্য দেশে করেছে সাধন।
স্বল্প ব্যয়ে ফিরি মোরা দেশ দেশান্তর,
ব্যবসা বাণিজ্যে পাই বহু উপকার।
সহস্র যোজন হ'তে তড়িত সম্বাদ,
পলে পলে আসে যায় নাহি কোন বাদ।
সম্বাদ প্রেরণ প্রথা অতি চমৎকার,
না পারে করিতে কেহ তাহা অস্বীকার।
মারহাট্টা, নাদের শাহ, আব্দালী পীড়ন,
বর্গীর হাঙ্গামা, ঠগীদল নিবারণ।
আফগান চড়াও ভীতি হয়ে বিদূরিত,
ভারতে অপূর্ব্ব শান্তি হয়েছে স্থাপিত।
ভীষণ শাসন ভয়ে ত্রাসিত বিহ্বল,
সিংহ মেষ এক ঘাটে পান করে জল।
সুচারু শৃঙ্খলা, ন্যায় শাসন কৌশলে,
প্রবল করিতে নারে দমন দুর্ব্বলে।
আত্মীয় বিচ্ছেদ আর দলাদলি ফলে,
রক্তারক্তি হ'তে রক্ষা করিছে সকলে।
সর্ব্ববিধ উন্নতির পথ পরিষ্কার,
ভুলিবে না কেহ কভু হেন উপকার।
স্বরাজার স্বদেশের গৌরবের তরে,
অর্থ দান কর সবে আনন্দ অন্তরে।

রাজার বিপদ তব বিপদ কারণ,
রাজার মঙ্গলে তব মঙ্গল সাধন।
বর্ণিয়া নিগূঢ় তত্ত্ব ইস্লাম ধর্ম্মের,
প্রকাশ করিনু মম বেদনা মনের।
মঙ্গল কামনা করি বৃটিশ রাজের,
সমাপ্ত করিনু আজি মম বিলাপের।
শুনি মম মর্ম্মভেদী বিলাপ কাহিনী,
অধীরা হইয়া শোকে কাঁপিলা মেদিনী।*

সমাপ্ত



* ১৯১৮ সনের ৮ই জুলাই তারিখে ৪ ঘটিকা ২৪ মিনিটের সময় যে ভূমিকম্প হয় এস্থলে তাহাই উল্লিখিত হইল।